দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ২০ জুন ২০২৬ ॥ ০৪ মহররম ১৪৪৮ ॥ ০৬ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভালই জানেন।

সূরা আল ইমরান ৩৬

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

জাতি গঠনে সবচেয়ে গুরুত্বপূর্ণ শিশুদের শিক্ষা ও স্বাস্থ্যে বিনিয়োগ

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, 'জাতি গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিনিয়োগ হলো শিশুদের শিক্ষা ও স্বাস্থ্যে ২ এর পাতায় দেখুন

শিক্ষাক্রমে যুক্ত হতে পারে 'ফোর-ওয়ে টেস্ট'

কীর্তনখোলা ডেস্ক

দেশের শিক্ষার্থীদের নৈতিকতা, সততা ও সামাজিক মূল্যবোধ বিকাশে জাতীয় শিক্ষাক্রমে 'ফোর-ওয়ে টেস্ট' অন্তর্ভুক্ত হতে ২ এর পাতায় দেখুন



সরকার একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করার চেষ্টা করছে

কীর্তনখোলা ডেস্ক

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, ব্যাংক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি ২ এর পাতায় দেখুন

বিএনপি সরকারকে অবশ্যই বাংলাদেশে সংস্কার বাস্তবায়ন করতে হবে

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ভারতীয় ফ্যাসিবাদ থেকে বের ২ এর পাতায় দেখুন

বরিশাল কোতয়ালী মডেল থানা পুলিশের অভিযানে নগরীর বিভিন্ন স্থান থেকে আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের ১৯জন সদস্যকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করা হয় -কীর্তনখোলা

আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে নাশকতার শঙ্কা, সারাদেশে সতর্ক অবস্থানে পুলিশ

কীর্তনখোলা ডেস্ক

কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা করছে পুলিশ। গোয়েন্দা তথ্য অনুযায়ী, দলটির নেতাকর্মীরা প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন জেলা ও মহানগরের দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন এবং ব্যানার নিয়ে প্রকাশ্যে মিছিলসহ কর্মসূচি পালনের চেষ্টা করতে পারে। এ নিয়ে অন্যান্য রাজনৈতিক দল, বিশেষ করে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বৈষম্যবিরোধী ছাত্রদের সঙ্গে সংঘর্ষের আশঙ্কা জানিয়েছে পুলিশ সদর দপ্তর। এ পরিস্থিতিতে দেশের সব পুলিশ ইউনিটকে প্রয়োজনীয় সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশ সদর ২ এর পাতায় দেখুন

হজ পালন করতে গিয়ে ৫৪ বাংলাদেশির মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

পবিত্র হজ পালন শেষে এখন পর্যন্ত সৌদি আরব থেকে মোট ৬০ হাজার ৫৮৮ জন বাংলাদেশি হাজি দেশে ফিরেছেন। আর হজ পালন করতে গিয়ে এ পর্যন্ত ৫৪ জন বাংলাদেশির মৃত্যু হয়েছে। হজ অফিসের তথ্য অনুযায়ী, ১৫২টি ফিরতি ফ্লাইটে তারা দেশে ফিরেছেন। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৭৬টি, সৌদিয়া এয়ারলাইন্স ৫৪টি এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ২২টি ফ্লাইট পরিচালনা করেছে। হজ অফিস জানায়, সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৩১৯ জন এবং বেসরকারি ট্রাভেল এজেন্সির মাধ্যমে ৫৬ হাজার ২৬৯ জন হাজি দেশে ফিরেছেন। এয়ারলাইন্স ভিত্তিক তথ্য অনুযায়ী, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ৭৬টি ফ্লাইটে ২৬ হাজার ৮৬৮ জন, সৌদিয়া এয়ারলাইন্সের ৫৪টি ফ্লাইটে ২১ হাজার ৪৫ জন, ফ্লাইনাসের ২১টি ফ্লাইটে ৮ হাজার ৬৭২ জন এবং অন্যান্য এয়ারলাইন্সের মাধ্যমে ৪ হাজার ৩ জন হাজি দেশে ফিরেছেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বাকি হাজিরা ২ এর পাতায় দেখুন

শিশুদের সৃজনশীল ও দেশপ্রেমিক হিসেবে গড়ে তুলছে খেলাঘর: শিরীন

কীর্তনখোলা রিপোর্ট

'আমরা চাই কি, শিক্ষা শান্তি- আমরা কারা, শান্তির পায়রা' এই স্লোগান নিয়ে বরিশাল নগরীতে আনন্দঘন পরিবেশে উদযাপিত হয়েছে বরিশাল জেলা খেলাঘরের 'সম্মেলন ও শিশু সমাবেশ'। শুক্রবার (১৯ জুন) সকাল সাড়ে ৯টায় বরিশাল নগরীর অশ্বিনী কুমার হল প্রাঙ্গণে এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। তিনি তার বক্তব্যে শিশুদের সুপ্ত প্রতিভার বিকাশ ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ ২ এর পাতায় দেখুন

পাঁচ দিন দেশজুড়ে বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক

দেশের বিভিন্ন অঞ্চলে আগামী পাঁচ দিন বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টির প্রবণতা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। একই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণও হতে পারে। শুক্রবার (১৯ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, লঘুচাপের বর্ধিতাংশ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ থেকে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এ অবস্থায় মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে। পূর্বাভাস অনুযায়ী, শুক্রবার সকাল ৯টা থেকে আগামী ২৪ ঘণ্টায় ২ এর পাতায় দেখুন

আগামী ৬ মাসে বরিশালসহ পাঁচ বিভাগে চালু হচ্ছে শিশু হাসপাতাল

কীর্তনখোলা ডেস্ক

আগামী ছয় মাসের মধ্যে খুলনা, বরিশাল, রংপুর ও রাজশাহী বিভাগে এবং কুমিল্লা জেলায় একটি করে ২০০ শয্যাবিশিষ্ট বিশেষায়িত শিশু হাসপাতাল চালু করতে যাচ্ছে সরকার। এর মধ্যে বরিশাল ও খুলনা বিভাগের হাসপাতাল দুটি আগস্টের প্রথম দিকে চালুর সকল প্রয়োজনীয় প্রস্তুতি রয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, প্রতিটি হাসপাতালে ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ) সুবিধা, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং ভবিষ্যতে সম্প্রসারণের সুযোগ রাখা হবে। পাশাপাশি বড় পরিসরের আইসিইউ ইউনিটও থাকবে হাসপাতালগুলোতে। এসব হাসপাতালের আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম ক্রয়ের দরপত্র প্রক্রিয়া ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

আগামী ছয় মাসের মধ্যে হাসপাতালগুলোর কার্যক্রম উদ্বোধন করা হবে। পুরোদমে কার্যক্রম চালুর জন্য প্রতিটি হাসপাতালে ১ হাজার ৪৭৫ জন জনবলের প্রয়োজন হবে। প্রয়োজনীয় জনবল নিয়োগ নিশ্চিতে প্রধানমন্ত্রী তারেক রহমান ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন ইতোমধ্যে খুলনা, বরিশাল ও কুমিল্লা গিয়ে হাসপাতাল ভবনগুলো পরিদর্শন করেছেন। বরিশাল শিশু হাসপাতাল পরিদর্শনকালে তিনি আগামী আগস্টের শুরুতে হাসপাতালটি চালুর ঘোষণা দেন। স্বাস্থ্যমন্ত্রী জানান, নিউনেটাল ভেন্টিলেটর, সিটি স্ক্যান, এক্সরে মেশিন, পোর্টেবল এক্স-রে, মাল্টি প্যারামিটার ২ এর পাতায় দেখুন

উদ্বিগ্ন ভারত

চীনা J-10CE যুদ্ধবিমান কেনার পরিকল্পনা করছে বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

চীনের নির্মিত ২০টি J-10CE মাল্টিরোল যুদ্ধবিমান কেনার পরিকল্পনা করছে বাংলাদেশ। এই চুক্তি বাস্তবায়িত হলে বাংলাদেশ বিমান বাহিনীর সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়বে এবং একই সঙ্গে দক্ষিণ এশিয়ায় চীনের প্রতিরক্ষা শিল্পের উপস্থিতি আরও বিস্তৃত হবে। এ যুদ্ধবিমান কেনার খবর দক্ষিণ এশিয়ার কৌশলগত পরিস্থিতিতে নতুন করে উত্তেজনার সৃষ্টি করেছে বলে বৃহস্পতিবার (১৮ জুন) প্রতিবেদন প্রকাশ করেছে ডিফেন্স সিকিউরিটি এশিয়া। প্রতিবেদন অনুযায়ী, প্রস্তাবিত প্রায় ২২০ কোটি মার্কিন ডলারের এই প্যাকেজে যুদ্ধবিমান, লজিস্টিক সহায়তা, প্রশিক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং দীর্ঘমেয়াদি সাপোর্ট অন্তর্ভুক্ত থাকবে। এসব যুদ্ধবিমান ২০২৬-২০২৭ সালের মধ্যে ২ এর পাতায় দেখুন

শ্রমিকদের কল্যাণে মানবিক ও সাংগঠনিক ভূমিকা জোরদার করতে হবে: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন বরিশাল মহানগরের উদ্যোগে দিনব্যাপী কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মুয়াযযম হোসাইন হেলাল। প্রধান অতিথির বক্তব্যে হেলাল বলেন, আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে কেন্দ্র করে দেশের মানুষের মধ্যে পরিবর্তনের প্রত্যাশা সৃষ্টি হয়েছে। তিনি নেতাকর্মীদের অসহায়, গরিব ও মিসকিন মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি বলেন, একটি এলাকায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ২ এর পাতায় দেখুন

একুশে পদকপ্রাপ্ত কবি আল মুজাহিদীর ইন্তেকাল

কীর্তনখোলা ডেস্ক

একুশে পদকপ্রাপ্ত বরেণ্য কবি এবং দৈনিক ইত্তেফাকের সাবেক সাহিত্য সম্পাদক আল মুজাহিদী আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। শুক্রবার (১৯ জুন) দুপুর ১টা ৪০ মিনিটে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। স্বজনরা জানান, কবি আল মুজাহিদী দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত সমস্যাসহ হৃদরোগে ভুগছিলেন।



গত কয়েক মাস ধরেই শারীরিকভাবে অসুস্থ ছিলেন কবি আল মুজাহিদী। গত এপ্রিলে গুরুতর অসুস্থ হয়ে রাজধানীর ইউনাইটেড হাসপাতালের সিসিইউতে ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে ৪ জনের মৃত্যু, আক্রান্ত ১১৭৪

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ১৭৪টি শিশু। শুক্রবার (১৯ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

অটোরিকশা ও মোটরসাইকেল সংঘর্ষে সৌদি প্রবাসী নিহত

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর বান্দরোডে বেপরোয়া গতির অটোরিকশা ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহী এক সৌদি আরব প্রবাসী নিহত হয়েছেন। এই ঘটনায় গুরুতর আহত হয়েছেন তার বন্ধু। বৃহস্পতিবার (১৮ জুন) রাত পৌনে ১০টার দিকে নগরীর বান্দরোডে বেলস পার্ক সংলগ্ন কেডিসির মোড়ে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত হলেন পটুয়াখালীর দুমকি উপজেলার লেবুখালী গ্রামের হেলাল প্যাদার ছেলে মেহেদী হাসান শুভ (২৫) এবং আহত মো. আরিফ (২৫) একই গ্রামের গনি হাওলাদারের ছেলে। আহত আরিফকে আশঙ্কাজনক অবস্থায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার প্রত্যক্ষদর্শী নিহতের বন্ধু রাকিব খান জানান, 'বৃহস্পতিবার রাতে তারা এক বন্ধুকে বরিশাল লঞ্চঘাটে পৌছে দিয়ে পুনরায় দুটি মোটরসাইকেলযোগে লেবুখালী ফিরছিলেন। পথিমধ্যে নগরীর বান্দ রোডের কেডিসি গলির মুখে পৌছলে শুভর মোটরসাইকেলটি ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আইনের আওতায় আনা হোক

বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুবার সতর্ক করে আসছে। কিন্তু পরিস্থিতির বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উল্টো আরো ডালপালা মেলেছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টেগ্রিটির (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপির বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেপ্তার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অঘটনঘটনপটিয়সী হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের অন্ত নেই। তার আয়বহির্ভূত শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চাঁদাবাজি, জমি দখল, নির্যাতন, গুম-অপহরণ, রাজনৈতিক লক্ষ্যপূরণ, এমনকি নারী কেলেঙ্কারির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দও করেছেন। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেপ্তার হননি। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনের জন্য এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা গণমাধ্যমকে বলেন, 'আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলে নেতিবাচক প্রভাব পড়বে।' বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সপুত্রক আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে বিচারের মুখোমুখি দাঁড় করানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ দ্রুত করছে দুদক। জানা যায়, বেনজীরকে ফেরত আনার অনুরোধপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে। আশা করা যায়, বেনজীর আহমেদকে শিগগিরই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর ডান হাত বলে পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক গাজী মো. মোজাম্মেল হক এখনো গ্রেপ্তার হননি। তাঁর বিরুদ্ধেও জমি দখল, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখনো দেশেই আছেন এবং সদর্পে ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের প্রয়োগ ভিন্ন হলে মানুষ তা থেকে ভিন্ন বার্তাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্বিশেষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নজরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

বিএনপি সরকারকে অবশ্যই

হয়ে ইসলাম এবং সার্বভৌমত্বের ইস্যু নিয়ে বিচার ও সংস্কার বাস্তবায়নের জন্য কাজ করছে তাঁর দল এনসিপি। তাঁর ভাষ্য, সংস্কারের পক্ষে ৭৫ শতাংশ ভোট পড়েছে, কিন্তু সেই সংস্কার বাস্তবায়ন হচ্ছে না। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, 'আমরা সেই ভোটাধিকারের পক্ষে লড়াই করব। সংস্কারের প্রশ্নে সরকারকে একবিন্দু ছাড় দেওয়া হবে না। বিএনপি সরকারকে অবশ্যই বাংলাদেশে সংস্কার বাস্তবায়ন করতে হবে। যদি বিএনপি সরকার ৭৫ শতাংশ মানুষকে ডিনাই করে, তাহলে এই সরকারের পতনধ্বনি বাজতেও সময় লাগবে না।' শুক্রবার দুপুরে বাগেরহাটের খানজাহান আলী (রহ.)-এর মাজারঘাটে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, এনসিপি তিনটি বিষয় নিয়ে কাজ করছে সংস্কার, বিচার ও স্বাধীন পররাষ্ট্রনীতি। সংস্কারের মাধ্যমে বাংলাদেশের আমূল পরিবর্তন আনাই দলের অন্যতম লক্ষ্য। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, যারা মানুষের পকেট কেটেছিল, ব্যাংক লুট করেছিল, শেয়ার মার্কেট শূন্য করেছিল তাদের আইনের আওতায় আনতে এনসিপি মানুষের কাছে যাচ্ছে এবং কাজ করছে। পররাষ্ট্রনীতি প্রসঙ্গে নাসীরুদ্দীন বলেন, 'ভারত থেকে পুশ ইনের চেষ্টা করা হচ্ছে। বাংলাদেশ পরিচয়ে আমাদের দেশে পাঠানোর জন্য স্টেটমেন্ট দিয়েছে।' নতজানু পররাষ্ট্রনীতি থেকে স্বাধীন পররাষ্ট্রনীতিতে যেতে এনসিপি কাজ করছে বলেও জানান তিনি। বাগেরহাটের উন্নয়ন প্রসঙ্গে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, বাগেরহাটে শেখ পরিবারের রাজত্ব ছিল। শেখ পরিবার রাজত্ব করেছে, শেখের নাম বিক্রি করেছে। কিন্তু উন্নয়নের নামে কিছু হয়নি। বাগেরহাট থেকে শেখ পরিবারকে উচ্ছেদের জন্য তিনি বাগেরহাটবাসীকে অভিনন্দন জানান। রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেলে বাগেরহাটের ইতিহাস ও ঐতিহ্যের ধারক-বাহক হযরত খানজাহান আলী (রহ.)-এর নামে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা দেন নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি বলেন, সেখান থেকে এলাকার ও দেশের মানুষের শিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা হবে এবং মুসলিমদের গৌরবময় ইতিহাস-ঐতিহ্যের চর্চা হবে।

সরকার একদলীয় শাসন

জেলা পরিষদের চেয়ারম্যানসহ বিভিন্ন পদে নিজ দলীয় লোক বসিয়ে সরকার একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করার চেষ্টা করছে। কিন্তু দেশের জনগণ এ একদলীয় শাসন ব্যবস্থা মেনে নেবে না। শুক্রবার (১৯ জুন) সকালে নারায়ণগঞ্জ শহরের কেন্দ্রীয় ঈদগাহ মাঠে আয়োজিত এক কর্মী সম্মেলনে এসব কথা বলেন তিনি। নারায়ণগঞ্জ মহানগর জামায়াতে ইসলামীর উদ্যোগে এ কর্মী সম্মেলনের আয়োজন করা হয়। ডা. শফিকুর রহমান বলেন, বিগত সময়ে সংসদে বিরোধী দলকে তুচ্ছ তাচ্ছিল্য করে কথা বলতো আওয়ামী লীগ। তারা সবচেয়ে বেশি বলতো বিএনপিকে তারপর জামায়াতে ইসলামীকে। বর্তমান সরকারও বিরোধী দলকে বিভিন্ন রকমের ট্যাগ দিয়ে কথা বলে। কিন্তু দেশের জনগণ এগুলো খায় না। সরকারকে উদ্দেশ করে বিরোধীদলীয় নেতা বলেন, আপনারা তরুণ সমাজের ভাষা বুঝার চেষ্টা করেন। আওয়ামী লীগের পথে হাঁটবেন না। নারায়ণগঞ্জ মহানগর জামায়াতে ইসলামীর আমির মাওলানা আব্দুল জব্বারের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও এমপি সাইফুল আলম খান মিলন, ঢাকা মহানগরী দক্ষিণের আমির ও এমপি নুরুল ইসলাম বুলবুল ও ইসলামী ছাত্র শিবিরের সভাপতি নূরুল ইসলাম সাদ্দামসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

শিক্ষাক্রমে যুক্ত হতে

পারে। তবে এটি কোন শ্রেণির পাঠ্যক্রমে যুক্ত হবে, সে বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। শুক্রবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে রোটারি বাংলাদেশ আয়োজিত এক সেমিনারে এ তথ্য জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। সেমিনারে রোটারিয়ানরা শিক্ষার্থীদের পাঠ্যক্রমে 'ফোর-ওয়ে টেস্ট' অন্তর্ভুক্ত করার আহ্বান জানান। প্রস্তাবের প্রতি ইতিবাচক সাড়া দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। তিনি জানান, শিক্ষাক্রম বিশেষজ্ঞরা 'ফোর-ওয়ে টেস্ট' পর্যালোচনা করবেন এবং এটি ষষ্ঠ শ্রেণি বা অন্য কোনো শ্রেণির পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা সম্ভব কি না, তা যাচাই করবেন। ফোর-ওয়ে টেস্ট হলো আমরা যা চিন্তা করি, বলি ও করি, তা যাচাই করার জন্য চারটি প্রশ্ন। প্রশ্নগুলো হলো: এটি কি সত্য? এটি কি সংশ্লিষ্ট সবার প্রতি ন্যায়সংগত? এটি কি সদ্ভাব ও ভালো বন্ধুত্ব গড়ে তুলবে? এটি কি সংশ্লিষ্ট সবার জন্য উপকারী হবে? এই চার প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' হয়, তাহলে সেই চিন্তা, কথা বা কাজকে নৈতিক ও সঠিক বলে বিবেচনা করা যায়। সেমিনারে শিক্ষামন্ত্রী বলেন, দেশের জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। একই সঙ্গে কর্মমুখী ও দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে কারিগরি এবং বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ খাতের সম্প্রসারণ এবং মানোন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।

জাতি গঠনে সবচেয়ে

বিনিয়োগ। একটি আত্মবিশ্বাসী, দক্ষ ও মানবিক প্রজন্ম গড়ে তোলার জন্য পাঠ্য বিষয় শিক্ষার পাশাপাশি খেলাধুলা, সংস্কৃতি ও সৃজনশীল কর্মকাণ্ডে গুরুত্ব অনস্বীকার্য।' আজ অনুষ্ঠেয় 'প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৬' উপলক্ষে দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, 'প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৬' অনুষ্ঠিত হচ্ছে। এটি অবশ্যই ইতিবাচক উদ্যোগ। তারেক রহমান বলেন, সরকার 'সবার আগে বাংলাদেশ' শীর্ষক নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে শিক্ষা খাতের আধুনিকায়ন ও পরিমার্জন এবং সময়োপযোগী করে তুলতে কাজ করছে। সে জন্য পাঠ্যক্রমে খেলাধুলাও অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলছে। চতুর্থ শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত পর্যায়ক্রমে ফুটবল, ক্রিকেট, দাবা, কারাতে ও সাঁতার এসব খেলা পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, 'শুধু তাত্ত্বিক নয়, ব্যবহারিক ক্লাস ও মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের এই ক্রীড়া কার্যক্রমে অংশ নিতে হবে। আমার বিশ্বাস, এর ফলে মাদকাসক্তি, মোবাইল ফোন আসক্তির মতো সামাজিক সমস্যা রুখে দিতে সহায়ক হবে।' বাণীতে প্রধানমন্ত্রী বলেন, ইতিমধ্যে সরকার 'প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক-বালিকা) ২০২৬' নীতিমালা প্রণয়ন করেছে। নীতিমালা অনুযায়ী, এই টুর্নামেন্টে দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, অর্থাৎ ৬৫ হাজার ৫৬৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৯৯ লাখ ৪৮ হাজার ৯৫৬ জন বালক ও বালিকা (বালক ৪৬ লাখ ৯১ হাজার ৯৯৬ এবং বালিকা ৫২ লাখ ৫৬ হাজার ৯৬০ জন) উভয় খেলায় অংশগ্রহণের সুযোগ পেয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, 'এই টুর্নামেন্টে বালক ও বালিকা দল সমান সুযোগ নিয়ে অংশগ্রহণ করেছে। এ বছর সারা দেশে বালক ও বালিকা দল মিলিয়ে মোট ১ লাখ ২৩ হাজার ৯৭৪টি খেলা অনুষ্ঠিত হয়েছে। প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট কলেবর বিবেচনায় বিশ্বের সবচেয়ে বড় ফুটবল টুর্নামেন্ট হিসেবে বিবেচিত।

হামের উপসর্গে ৪ জনের

মৃত্যু হয়েছে মোট ৫৭৭টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৩টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৬৭০টি শিশু মারা গেছে। এছাড়া, ২৪ ঘণ্টায় ৯৬টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১০৭৮। এই সময়ে ৯৭২টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৯৩টি শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে শুক্রবার পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯০ হাজার ৯৮২, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১০ হাজার ৮৬৯। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৭৫ হাজার ১৫৬ রোগী, যাদের মধ্যে ৭১ হাজার ৩৯৬ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে।

অটোরিকশা ও মোটরসাইকেল

নিয়ন্ত্রণ হারিয়ে একটি যাত্রীবাহী অটোরিকশার পিছনে ধাক্কা দিয়ে সড়ক ডিভাইডারের লোহার পাইপের সঙ্গে প্রচণ্ড আঘাত পান চালক শুভ ও আরোহী আরিফ। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে দ্রুত শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শুভকে মৃত ঘোষণা করেন। নিহতের বড় ভাই আল-আমিন জানান, 'শুভ সৌদি আরব প্রবাসী ছিলেন। পাঁচ মাস আগে ছুটি নিয়ে দেশে আসেন এবং বর্তমানে বাবার ব্যবসা দেখাশোনা করছিলেন। তবে কী কারণে শুভ বরিশালে এসেছিলেন, সে বিষয়ে জানা নেই তার।' দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) কোতোয়ালি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আল মামুন উল ইসলাম জানান, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে এবং আহত ব্যক্তির চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। তিনি আরও জানান, ঘটনার পর অটোরিকশাসহ চালক পালিয়েছেন। পরিবারের পক্ষ থেকে এ ঘটনায় লিখিত অভিযোগ পেলে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

একুশে পদকপ্রাপ্ত কবি

(করোনারি কেয়ার ইউনিট) ভর্তি ছিলেন। ওই সময় নিবিড় পর্যবেক্ষণে ছিলেন তিনি। তখন কবির পরিবার থেকে জানানো হয়েছিল, কিডনি ফাংশন বন্ধ হয়ে ইউরিন পাস হচ্ছিল না তার। পুরো শরীরে এসিড ছড়িয়ে পড়ে। একইসঙ্গে হার্টবিট বেড়ে গিয়েছিল। তখন আবার একটি মাইনর হার্ট অ্যাটাকও হয়েছিল তার। এদিকে কবির মৃত্যুতে শোক জানিয়েছেন সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। ফেসবুকে দেয়া এক পোস্টে কবির বিদেহী আত্মার শান্তি কামনা করে তিনি লিখেছেন, আল্লাহ তাআলা তার কবরের জীবনকে শান্তিময় ও জান্নাতি জীবনে পরিণত করুন, তার কবরকে প্রশস্ত করে জান্নাতের নূরে পরিপূর্ণ করে দিন। মহান রব তাঁর পরিবারের সম্মানিত সদস্য, আত্মীয়-স্বজন, শুভাকাঙ্ক্ষী, সহকর্মী, ভক্ত ও গুণগ্রাহীদের এ শোক সইবার তাওফিক দান করুন এবং সবাইকে উত্তম সবর অবলম্বন করার শক্তি দিন, আমিন। প্রসঙ্গত, ১৯৪৩ সালের ১ জানুয়ারি জন্মগ্রহণ করেন কবি আল মুজাহিদী। এক সময় দৈনিক ইত্তেফাকের সাহিত্য সম্পাদক ছিলেন তিনি। ছাত্রজীবন থেকেই রাজনীতির সঙ্গেও যুক্ত ছিলেন। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশ নেন এ কবি। কবিতা, উপন্যাস, শিশু সাহিত্য অনুবাদসহ বিভিন্ন শাখায় কাজ করেছেন আল মুজাহিদী। তার কাব্যগ্রন্থগুলোর মধ্যে রয়েছে- হেমলকের পেয়ালা, ধ্রুপদ ও টেরাকোটা, যুদ্ধ নাস্তি, মৃত্তিকা অতি-মৃত্তিকা, প্রিজন ভ্যান, দিদেলাস ও ল্যাবিরিন্থ, ঈডের হ্যামলেট, প্রাচ্য পৃথিবী, পৃথিবীর ধুলো, সৌর জোনাকি, ভিতা নুওভা, অ্যাকাডেমাসের বাগান, আল মুজাহিদীর শ্রেষ্ঠ কবিতা, আল মুজাহিদীর প্রেমের কবিতা, সন্ধ্যার বৃষ্টি, কালেরবন্দীতে, পাখির পৃথিবী, আলবাট্রাস, ভঙ্গুর গোলাপ, কাঁদো হিরোশিমা কাঁদো নাগাসাকি ও পালকি চলে দুলকি তালে ইত্যাদি। উপন্যাসের মধ্যে রয়েছে- প্রথম প্রেম, চাঁদ ও চিরকুট, মিলু এট ও স্যোন্যাটা, লাল বাতির হরিণ, রূপোলি রোদ্দুর ও আলোর পাখিটা। ছোটগল্পগ্রন্থের মধ্যে রয়েছে - প্রপঞ্চের পাখি, বাতাবরণ ও ভরা কটাল মরা কটালের চাঁদ ইত্যাদি। কবি আল মুজাহিদী কাজের স্বীকৃতিস্বরূপ 'জীবনানন্দ দাশ একাডেমি পুরস্কার', 'কবি জসীমউদ্দীন একাডেমি পুরস্কার', 'মাইকেল মধুসূদন একাডেমি পুরস্কার', 'শেরে বাংলা সংসদ পুরস্কার', 'জয়বাংলা সাহিত্য পুরস্কার', 'বাসাসপ কাব্যরত্ন পদক' ও 'একুশে পদক' লাভ করেছেন।

পাঁচ দিন দেশজুড়ে

রংপুর, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সময়ে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণের সম্ভাবনাও রয়েছে। এ সময় সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। শনিবার (২০ জুন) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এদিন দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে, তবে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রোববার (২১ জুন) রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। একই সঙ্গে দেশের কোথাও কোথাও ভারী বর্ষণ হতে পারে। এদিন দিন ও রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। সোমবার (২২ জুন) রংপুর, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণের সম্ভাবনাও রয়েছে। এ সময় দিন ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। মঙ্গলবার (২৩ জুন) ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। এদিন দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে, তবে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আবহাওয়া অধিদপ্তর আরও জানিয়েছে, পরবর্তী বর্ধিত পাঁচ দিনেও বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

আগামী ৬ মাসে বরিশালসহ পাঁচ

বা কার্ডিয়াক মনিটর, ফটোথেরাপি মেশিনসহ ২০০ বেডের শিশু হাসপাতাল চালু করতে যেসব যন্ত্রাংশ প্রয়োজন, সেগুলো জুলাইয়ের মধ্যে পৌঁছে দেওয়া হবে। আগামী ১ আগস্ট হাসপাতালটি উদ্বোধন করা হবে। এর আগে গত ১০ মে প্রধানমন্ত্রী তারেক রহমান স্বাস্থ্য মন্ত্রণালয়ের সঙ্গে জরুরি বৈঠকে দেশের ছয় বিভাগে অব্যবহৃত পড়ে থাকা ছয়টি শিশু হাসপাতাল দ্রুত চালুর নির্দেশ দেন। একইসঙ্গে প্রধানমন্ত্রী স্বাস্থ্য মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের হাসপাতালগুলো সরেজমিনে পরিদর্শন করে আগামী ২ জুনের মধ্যে প্রতিবেদন দাখিলেরও নির্দেশ দেন। মূলত এরপরই হাসপাতালগুলো চালুর তোড়জোড় শুরু হয়। এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বাসস'কে বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে আগামী ছয় মাসের মধ্যে দেশের পাঁচ বিভাগে একটি করে ২০০ শয্যাবিশিষ্ট শিশু হাসপাতাল চালু হচ্ছে। শীতাতপ নিয়ন্ত্রিত এসব হাসপাতালে নিবিড় পরিচর্যাকেন্দ্রের (আইসিইউ) ব্যবস্থাও থাকবে। তিনি আরও বলেন, এই পাঁচটি হাসপাতালের জন্য প্রয়োজনীয় ফার্নিচার ও যন্ত্রপাতির টেন্ডার ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। প্রতিটি হাসপাতালে ১ হাজার ৪৭৫ জন করে জনবল প্রয়োজন। পূর্ণ জনবল বরাদ্দ করার জন্য ইতোমধ্যেই প্রধানমন্ত্রী জনপ্রশাসন মন্ত্রীকে নির্দেশনা দিয়েছেন। হাসপাতালের সুযোগ-সুবিধা নিয়ে সাখাওয়াত হোসেন জানান, প্রতিটি শিশু হাসপাতালে আইসিইউ থাকবে। সেন্ট্রালি এয়ার কন্ডিশন ব্যবস্থা থাকবে। একটি করে আইসিইউ থাকবে এবং ভবিষ্যতে বেড বাড়ানোর পরিসরও রাখা হবে। আইসিইউর জন্য একটি বড় স্পেস রাখা হবে। প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস এম জিয়াউদ্দিন হায়দারও ২০০ শয্যাবিশিষ্ট বিশেষায়িত বরিশাল শিশু হাসপাতালটি পরিদর্শন করেছেন। তিনি জানান, এই শিশু হাসপাতালটিও আগস্টে চালু হবে। প্রথম ধাপে জরুরি বিভাগের কার্যক্রম শুরু করা হবে। প্রধানমন্ত্রীর ঘোষণার পর খুলনা বিভাগীয় শিশু হাসপাতাল চালু করতেও জোরেশোরে কাজ শুরু হয়েছে। গত ২০ মে স্বাস্থ্যমন্ত্রী খুলনায় নির্মাণাধীন শিশু হাসপাতালটি পরিদর্শন করেন। এ সময় তিনি কাজের অগ্রগতি খতিয়ে দেখেন এবং আগামী ৬ মাসের মধ্যেই হাসপাতালটি চালু করা সম্ভব হবে বলে আশা প্রকাশ করেন। খুলনা বিভাগীয় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক ডা. মো. মুজিবুর রহমান বলেন, গণপূর্ত বিভাগ ও সিভিল সার্জনকে সঙ্গে নিয়ে আমরা খুলনা বিভাগীয় শিশু হাসপাতাল পরিদর্শন করেছি। নতুন শিশু হাসপাতাল সম্পর্কে আমাদের কাছ থেকে তথ্য নিচ্ছে মন্ত্রণালয়। পরবর্তীতে সেখান থেকে যে নির্দেশনা আসবে, সে অনুযায়ী ব্যবস্থা নেব। এদিকে গত ২৫ মে কুমিল্লার সদর দক্ষিণের বেলতলী এলাকায় নির্মাণাধীন শিশু হাসপাতাল পরিদর্শনে যান মন্ত্রী। এই হাসপাতালটিও আগামী ছয় মাসের মধ্যে চালুর ঘোষণা দেন তিনি। নির্মাণকাজ শেষেও দীর্ঘ ছয়বছর অব্যবহৃত পড়ে থাকার পর চালু হতে যাচ্ছে বিশেষায়িত রংপুর শিশু হাসপাতালও। তারেক রহমানের নির্দেশের প্রেক্ষিতে দ্রুত এই হাসপাতাল চালু করা হচ্ছে। ইতোমধ্যে হাসপাতালটির অবকাঠামো পরিদর্শন করেছেন স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডা. নাজমুল হোসেন। তিনি বলেন, 'শুধু এই পাঁচটি শিশু হাসপাতালই নয়, স্বাস্থ্য বিভাগে এ ধরণের আরও অনেক স্থাপনা রয়েছে, যেগুলো এখনও চালু হয়নি। বিষয়টি নজরে আসার পর প্রধানমন্ত্রী স্বাস্থ্য মন্ত্রণালয়কে সেগুলো চালু করারও নির্দেশ দেন।' এদিকে বহুল প্রতীক্ষার পর অবশেষে প্রধানমন্ত্রীর নির্দেশে চালু হতে যাচ্ছে কুমিল্লা শিশু হাসপাতালটিও। ইতোমধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ে সচিবের সঙ্গে জরুরি বৈঠক শেষে কুমিল্লা মেডিকেল কলেজ (কুমেক) হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক ডা. মো. শাহজাহান হাসপাতালটি চালুর বিষয়ে জনবল ও যন্ত্রপাতির চাহিদাপত্র সংশ্লিষ্ট দপ্তরে জমা দিয়েছেন। এদিকে রাজশাহী শিশু হাসপাতাল চালুর উদ্যোগ নিয়েছে সরকার। আগামী তিন মাসের মধ্যে হাসপাতালটি চালু করা হবে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সচিব মো. কামরুজ্জামান চৌধুরী এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাস রাজশাহী শিশু হাসপাতাল পরিদর্শন করে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। স্বাস্থ্যসেবা বিভাগের সচিব বলেন, প্রথম ধাপে শিশু হাসপাতালটিতে আউটডোর সেবা চালু করা হবে। পরবর্তী অর্থবছরে ধাপে ধাপে অন্যান্য সেবাও চালুর পরিকল্পনা রয়েছে।

চীনা J-10CE যুদ্ধবিমান

ধাপে ধাপে সরবরাহ করা হতে পারে। চীনা J-10C যুদ্ধবিমান জানা গেছে, Chengdu J-10C একটি ৪.৫ প্রজন্মের মাল্টিরোল যুদ্ধবিমান। এ যুদ্ধবিমানগুলো আধুনিক AESA রাডার (ইলেকট্রনিক সিগন্যালের মাধ্যমে দ্রুত দিক পরিবর্তন করে লক্ষ্য শনাক্ত করে), নেটওয়ার্ক-সেন্ট্রিক কমব্যাট সিস্টেম এবং দীর্ঘ-পাল্লার আকাশ-থেকে-আকাশ ক্ষেপণাস্ত্র ছোড়ার সক্ষমতা রাখে। বিশ্লেষকদের মতে, এই যুদ্ধবিমান আধুনিক আকাশযুদ্ধে তুলনামূলকভাবে উন্নত ক্ষমতা প্রদর্শন করতে পারে। এই সম্ভাব্য চুক্তি ভারতসহ পুরো অঞ্চলের সামরিক ভারসাম্যে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে। এই চুক্তির ফলে ভারতীয় নিরাপত্তা মহলে অস্বস্তির সৃষ্টি করেছে। এই সম্ভাব্য চুক্তিকে চীনের বৃহত্তর কৌশলগত প্রভাব বিস্তারের অংশ হিসেবে দেখছে ভারত। মূলত সংবেদনশীল সিলিগুড়ি করিডোর (চিকেন'স নেক) নিয়ে দুশ্চিন্তায় পড়েছে ভারত। ২০-২২ কিলোমিটার প্রশস্ত এই করিডোর দিয়ে মূল ভূখণ্ডকে উত্তর-পূর্বাঞ্চলীয় (আসাম, মেঘালয়, ত্রিপুরা, মিজোরাম, অরুণাচল, নাগাল্যান্ড ও মণিপুর) রাজ্যগুলোর সঙ্গে যোগাযোগ রক্ষা করে ভারত। এদিকে, এই করিডোরটি ভৌগোলিকভাবে বাংলাদেশের রংপুর ও দিনাজপুর অঞ্চলের উত্তরের দিকের সীমান্ত ঘেঁষে অবস্থান করছে। তাই এই অঞ্চলে সামরিক ভারসাম্যের যেকোনো পরিবর্তন কৌশলগতভাবে খুবই গুরুত্বপূর্ণ। প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করার পর অন্তর্বর্তীকালীন ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে বাংলাদেশের প্রতিরক্ষা নীতিতে নতুন সমন্বয় দেখা যাচ্ছে। চীনা এ আধুনিক যুদ্ধবিমান বাংলাদেশের আকাশ প্রতিরক্ষায় যুক্ত হলে আঞ্চলিক শক্তির সমীকরণ আরও জটিল হয়ে উঠতে পারে আশঙ্কা করছেন ভারতের প্রতিরক্ষা বিশ্লেষকরা। প্রতিবেদনের বিশ্লেষণে বলা হচ্ছে, বাংলাদেশে চীনের প্রতিরক্ষা ও অবকাঠামো বিনিয়োগ মিলিয়ে একটি বৃহত্তর কৌশলগত প্রভাব বলয় তৈরি হচ্ছে। এ পদক্ষেপ বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের (BRI) অংশ হিসেবেও দেখা হচ্ছে। তবে, চীনের J-10CE যুদ্ধবিমান কেনাকে সম্ভবত শুধু একটি সাধারণ সার্বভৌম প্রতিরক্ষা ক্রয় হিসেবে দেখবে না ভারত।

শ্রমিকদের কল্যাণে মানবিক ও সাংগঠনিক

বসবাস করে। তাদের সুখ-দুঃখে পাশে থেকে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। একইসঙ্গে একটি এলাকায় ধারাবাহিক সাংগঠনিক কাজ পরিচালনার মাধ্যমে সংগঠনকে ধীরে ধীরে আরও শক্তিশালী ও সুসংগঠিত করে তোলার ওপর গুরুত্বারোপ করেন। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় জেনারেল সেক্রেটারি লস্কর মোহাম্মদ তসলিম। তিনি শ্রমিকদের অধিকার প্রতিষ্ঠা, নৈতিকতা, দক্ষতা বৃদ্ধি এবং জনকল্যাণমূলক কর্মকাণ্ডে সংগঠনের ভূমিকা আরও বেগবান করার আহ্বান জানান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর, অধ্যক্ষ মাওলানা জহির উদ্দিন মোহাম্মদ বাবর। আমিরে জামায়াতের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা টিমের সদস্য আলী আহমাদ মাবরুর এবং অঞ্চল টিম সদস্য ফখরুদ্দিন খান রাজী। মহানগর শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাস্টার মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা শিবিরে সঞ্চালনা করেন মহানগর সেক্রেটারি জাফর ইকবাল। অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ কর্মীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং সাংগঠনিক কার্যক্রম, শ্রমিক অধিকার, জনসম্পৃক্ততা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে দিকনির্দেশনামূলক আলোচনা করেন। শিক্ষা শিবিরে মহানগর ও বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন। দিনব্যাপী এ কর্মসূচিতে সংগঠনের আদর্শ, দায়িত্ব ও জনকল্যাণমূলক কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করা হয়।

শিশুদের সৃজনশীল ও দেশপ্রেমিক

করেন। তিনি বলেন, 'আজকের শিশুই আগামীর ভবিষ্যৎ। খেলাঘরের মতো সংগঠন শিশুদের সৃজনশীল ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।' অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খেলাঘর কেন্দ্রীয় কমিটির চেয়ারপারসন (ভারপ্রাপ্ত) ড. শিল্পী কাজী মোজাম্মেল হোসেন, কেন্দ্রীয় কমিটির প্রেসিডিয়াম সদস্য জীবন কৃষ্ণ দে ও সাধারণ সম্পাদক রেজাউল কবীর। বক্তারা খেলাঘরের দীর্ঘ পথচলা এবং শিশুদের অধিকার রক্ষায় সংগঠনের নানা উদ্যোগের কথা তুলে ধরেন। দিনব্যাপী এই আয়োজনে বরিশাল জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত বিপুল সংখ্যক শিশু, খেলাঘরের স্থানীয় সংগঠক ও অভিভাবকরা অংশ নেন।

হজ পালন করতে

নির্ধারিত এয়ারলাইন্সের মাধ্যমে পর্যায়ক্রমে দেশে ফিরবেন। এদিকে চলতি হজ মৌসুমে সৌদি আরবে ৩৬ জন পুরুষ ও ১৮ জন নারীসহ ৫৪ জন বাংলাদেশির মৃত্যু হয়েছে। তাদের মধ্যে মক্কায় ৩৭ জন, মদিনায় ১৬ জন এবং জেদ্দায় একজন মৃত্যুবরণ করেন। তবে মিনা বা মুজদালিফায় কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। হজ বুলেটিন অনুযায়ী, ৪১৫ জন বাংলাদেশি হাজি সৌদি আরবের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন এবং ১৫ জন হাসপাতালে ভর্তি ছিলেন। সৌদি মেডিকেল সেন্টারগুলো ৬৬ হাজার ২৪৯ জন হাজিকে স্বাস্থ্যসেবা দিয়েছে এবং মক্কা ও মদিনার আইটি হেল্প ডেস্ক ২৮ হাজার ১৯৮ জন হাজিকে বিভিন্ন তথ্য ও সেবা দিয়ে সহায়তা করেছে। গত ১৮ এপ্রিল প্রথম বহির্গামী ফ্লাইটের মাধ্যমে চলতি বছরের হজ পরিবহন কার্যক্রম শুরু হয় এবং ২১ মে প্রাক হজ ফ্লাইট সম্পন্ন হয়। চলতি বছরের ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হয়। হজের আনুষ্ঠানিকতা শেষে ৩০ মে থেকে ফিরতি ফ্লাইট শুরু হয় এবং তা আগামী ১ জুলাই পর্যন্ত চলবে। হজ অফিসের তথ্যমতে, এবার বাংলাদেশের জন্য সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জনসহ মোট ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রীর কোটা বরাদ্দ ছিল।

আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে নাশকতার

দপ্তরের ডিআইজি (কনফিডেনশিয়াল) মো. কামরুল আহসানের স্বাক্ষরিত এ সংক্রান্ত এক চিঠিতে বলা হয়, দেশের বিভিন্ন জেলায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন এবং প্রতিষ্ঠাবার্ষিকীর ব্যানার নিয়ে প্রকাশ্যে মিছিল করতে পারে। এর ফলে বিদ্যমান অন্যান্য রাজনৈতিক দল, বিশেষ করে এনসিপির নেতাকর্মী ও বৈষম্য বিরোধী ছাত্রদের সঙ্গে সংঘর্ষ তৈরির আশঙ্কা রয়েছে। পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা আওয়ামী লীগের কর্মকাণ্ডে বাধা দিলে আইনশৃঙ্খলা বাহিনীর ওপর ক্ষুব্ধ হতে পারে। চিঠিতে আরও বলা হয়, এমতাবস্থায় এ বিষয়ের গুরুত্ব অনুধাবন করে প্রয়োজনীয় সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ অবস্থায় বিষয়টির গুরুত্ব বিবেচনায় নিয়ে সব মেট্রোপলিটন পুলিশের কমিশনার, রেঞ্জ ডিআইজি এবং পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজিকে (অপারেশনস) প্রয়োজনীয় সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এর আগে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের নামে বিভিন্ন স্থানে ঝটিকা মিছিল, প্রচারপত্র বিতরণ ও কর্মসূচিকে ঘিরে উত্তেজনা তৈরি হয়। বৃহস্পতিবার মহাখালীতে আওয়ামী লীগের ঝটিকা মিছিল থেকে ককটেল বিস্ফোরণ করা হয়। এ সময় তিনজনকে আটকও করা হয়েছে। এছাড়া, গণভবনের সামনে যুবলীগও মিছিল করে। পুলিশ বলছে, নিষিদ্ধ ঘোষিত কোনো রাজনৈতিক দলের কার্যক্রমের মাধ্যমে যাতে জননিরাপত্তা বিঘ্নিত না হয়, সে জন্য সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করা হচ্ছে। পাশাপাশি সম্ভাব্য নাশকতা ও সহিংসতা ঠেকাতে মাঠ পর্যায়ে বাড়তি নজরদারি রাখা হয়েছে।

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায়

বাস (ঢাকা মেট্রো-১৫-৪৩৯৩) ভাণ্ডারিয়া-চরখালী সড়কের চায়না প্রজেক্ট এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা চরখালীগামী একটি অটোরিকশার সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে অটোরিকশাটি দুমড়ে-মুচড়ে যায় এবং এতে চালকসহ তিনজন গুরুতর আহত হন। পরে স্থানীয় পথচারীরা আহতদের উদ্ধার করে ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক হারুন বয়াতিকে প্রাথমিক চিকিৎসা দেওয়ার সময় তার অবস্থার অবনতি হলে তিনি মারা যান । আহত বিজয় শিকদার ও রূপা শিকদার চিকিৎসাধীন রয়েছেন। কর্তব্যরত মেডিকেল অফিসার ডা. জান্নাতুল মাওয়া জানান, হারুন বয়াতিকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল। তার মাথা, কোমর ও পায়ে গুরুতর আঘাত ছিল। প্রাথমিক চিকিৎসা চলাকালে তার মৃত্যু হয়। আহত অপর দুইজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। দুর্ঘটনার পর বাসের চালক ও হেলপার ঘটনাস্থল থেকে পালিয়ে যান। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বাসটি জব্দ করে থানায় নিয়ে যায়। এ বিষয়ে ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হসান জানান, বাসটি পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এবং পলাতক চালক ও হেলপারকে শনাক্ত ও আটকের চেষ্টা চলছে।

মাকে দেখতে এসে নিষিদ্ধ

করে নিয়ে যায়। এদিকে রাফিনের পরিবারের অভিযোগ, তার বিরুদ্ধে কোনো মামলা না থাকা সত্ত্বেও তাকে অন্যায়ভাবে আটক করা হয়েছে। তারা এ ঘটনাকে হয়রানিমূলক বলে দাবি করে এর প্রতিবাদ জানিয়েছেন। গ্রেপ্তারের বিষয়ে এয়ারপোর্ট থানার ওসি মিজানুর রহমান বলেন, রাফিন তালুকদার কার্যক্রম নিষিদ্ধ বাবুগঞ্জ উপজেলা ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত এবং উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক কমিটির সদস্য। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তাকে গ্রেপ্তার করা হয়েছে। তবে তাকে কোন মামলায় গ্রেপ্তার করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত তথ্য দিতে রাজি হননি ওসি। গ্রেপ্তারের সুনির্দিষ্ট কারণ ও মামলার বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে বিস্তারিত কোনো তথ্য জানানো হয়নি।

রাস্তায় পড়েছিল গৃহবধূ ॥ হাসপাতালে

মারা যান। পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় তিন দিন আগে কারিমা তার শ্বশুরবাড়ি সদর উপজেলার চরসামাইয়া ইউনিয়নের শান্তিরহাট এলাকায় যান। এরপর থেকে তার অবস্থান সম্পর্কে পরিবারের কাছে স্পষ্ট কোনো তথ্য ছিল না। এ অবস্থায় মুসলিমপাড়া এলাকা থেকে অচেতন এক নারীর ছবি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়লে পরিবারের সদস্যরা তাকে শনাক্ত করেন। পরে শুক্রবার সকালে হাসপাতালে গিয়ে তারা কারিমাকে দেখতে পান। কিছুক্ষণ পরই চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, উদ্ধারকালে কারিমার শারীরিক অবস্থা অত্যন্ত সংকটাপন্ন ছিল। তবে কী কারণে তিনি ওই অবস্থায় সেখানে পড়ে ছিলেন, সে বিষয়ে কেউ নিশ্চিত তথ্য দিতে পারেননি। স্বজনদের অভিযোগ, একজন সুস্থ-সবল নারী হঠাৎ করে রাস্তার পাশে অচেতন অবস্থায় পড়ে থাকা এবং পরবর্তীতে মৃত্যুবরণ করার ঘটনা রহস্যজনক। তারা জানতে চান, কারিমা কীভাবে ওই স্থানে পৌঁছালেন এবং তার সঙ্গে আসলে কী ঘটেছিল। এছাড়া তার স্বামী বর্তমানে চট্টগ্রামে অবস্থান করছেন বলেও জানা গেছে। পরিবারের সদস্যরা আরও জানান, শ্বশুরবাড়িতে যাওয়ার পর থেকে কারিমার চলাফেরা ও অবস্থান নিয়ে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। তাই মৃত্যুর পেছনে কোনো অপরাধমূলক ঘটনা রয়েছে কিনা, তা তদন্ত করে দেখার জন্য প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন তারা। এদিকে স্থানীয়রাও ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছেন। তাদের মতে, তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটন করে দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা উচিত। এ বিষয়ে ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম জানান, কারিমা আক্তারের মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটনের জন্য মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। প্রাথমিকভাবে এ ঘটনায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা দায়ের করা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

পারমাণবিক ইস্যুতে মার্কিন

সব শর্ত মেনে নেবে তেহরান। বৃহস্পতিবার (১৮ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া পোস্টে এ তথ্য জানিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা ইমাম মোজতবা খামেনি। এছাড়া জাতির উদ্দেশে দেওয়া এক ভাষণে মোজতবা খামেনি বলেন, ভবিষ্যতে ব্যক্তিগত বা সরাসরি আলোচনা হলেও তা শত্রুপক্ষের অবস্থান মেনে নেওয়ার সমান নয়। খামেনি জানান, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং আলোচক দলের একাধিক আশ্বাসের ভিত্তিতে তিনি যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে (MoU) অনুমোদন দিয়েছিলেন। তিনি বলেন, ব্যক্তিগতভাবে তার ভিন্ন মত ছিল। তবে, জাতীয় স্বার্থ ও প্রতিরোধ ফ্রন্টের অধিকার রক্ষার বিষয়ে সরকারের অঙ্গীকারের কারণে তিনি অনুমতি দেন। এদিকে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকেই বলেন, ইরানের পারমাণবিক উপকরণ দেশের বাইরে পাঠানো হবে না। তবে, আন্তর্জাতিক তদারকির আওতায় ইউরেনিয়াম ডিলিওশন (নিম্ন মাত্রায় সমৃদ্ধকরণ) করার বিকল্প পথ খোলা রয়েছে। ইরান-মার্কিন সমঝোতা স্মারক নিয়ে পর্যবেক্ষকরা জানান, ইরান আলোচনার দরজা খোলা রাখলেও পারমাণবিক কর্মসূচি ও জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়গুলোতে নিজেদের অবস্থান থেকে সরে আসার কোনো ইঙ্গিত দিচ্ছে না। বৃহস্পতিবার (১৮ জুন) ট্রাম্প ও পেজেশকিয়ানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে প্রায় চার মাস ধরে চলা সংঘাতের স্থায়ী সমাধান খুঁজতে ৬০ দিনের আলোচনার সময়সীমা নির্ধারণ করা হয়েছে। আলোচনায় ইরানের পারমাণবিক কর্মসূচি, নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং হরমুজ প্রণালীতে সার্ভিস ফি-এর মত বেশ কয়েকটি জটিল বিষয় অন্তর্ভুক্ত থাকবে। এর আগে বার্তা সংস্থা রয়টার্স জানায়, সুইজারল্যান্ডের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইরান ১৯ জুন সুইজারল্যান্ডের বুরগেনস্টক রিসোর্ট এলাকায় প্রাথমিক বৈঠকে বসতে পারে। সেখানে দুই দেশের মধ্যে অর্জিত সমঝোতা বাস্তবায়নের উপায় নিয়ে আলোচনা হওয়ার কথা থাকলেও চুক্তি সই অনুষ্ঠান বাতিল করা হয়েছে। পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ জেনেভায় তার সফর স্থগিত করছেন বলে বিবিসি উর্দুকে জানিয়েছেন পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার।

লেবাননে যুদ্ধ থামাতে রাজি

এক জ্যেষ্ঠ কর্মকর্তা। যুক্তরাষ্ট্রের ওই কর্মকর্তা বলেন, হিজবুল্লাহ ও ইসরায়েল যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। তিনি জানান, যুক্তরাষ্ট্র ও কাতারের আলোচকরা ইরানের সহায়তায় এই সমঝোতা চুক্তি সম্পন্ন করেছেন। লেবাননে সহিংসতার সাম্প্রতিক তীব্রতা মধ্যপ্রাচ্যের বৃহত্তর যুদ্ধ বন্ধ করতে বুধবার স্বাক্ষরিত যুক্তরাষ্ট্র-ইরান অন্তর্বর্তীকালীন চুক্তির ওপর চাপ সৃষ্টি করেছিল। বৃহস্পতিবার (১৮ জুন) রাতভর লেবাননে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ উল্লেখযোগ্যভাবে বেড়ে গিয়েছিল। এর আগে হিজবুল্লাহর একজন আইনপ্রণেতা রয়টার্সকে জানান, ইরান সংগঠনটিকে জানিয়েছে যে একটি পূর্ণাঙ্গ যুদ্ধবিরতি কার্যকর না হলে ওয়াশিংটনের সঙ্গে আলোচনা এগিয়ে নেওয়া সম্ভব নয়। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, রাতভর ইসরায়েলি বিমান হামলায় অন্তত ১৮ জন নিহত হয়েছেন। অন্যদিকে দক্ষিণ লেবাননে হিজবুল্লাহর এক হামলায় চারজন ইসরায়েলি সেনা নিহত হয়েছেন। চলমান যুদ্ধে এটি হিজবুল্লাহর সবচেয়ে প্রাণঘাতী হামলাগুলোর একটি বলে বিবেচিত হচ্ছে। ইরানের সঙ্গে হওয়া চুক্তিতে যুক্তরাষ্ট্র, ইরান এবং তাদের মিত্রদের সব ফ্রন্টে লেবাননসহ সামরিক অভিযান অবিলম্বে এবং স্থায়ীভাবে বন্ধ করার ঘোষণা দেওয়ার বাধ্যবাধকতা রয়েছে। চলতি সপ্তাহের শুরুতে সহিংসতা উল্লেখযোগ্যভাবে কমে গেলেও সাম্প্রতিক দিনগুলোতে আবার সংঘর্ষ বেড়ে যায়। নতুন এই যুদ্ধবিরতি সেই উত্তেজনা প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে মনে করা হচ্ছে।

কলাপাড়ায় ইয়াবাসহ

জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ইয়াবাসহ তাদেরকে গ্রেফতার করা হয়। আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলার প্রক্রিয়া চলমান রয়েছে।

বাউফলে বিদ্যুতের

গ্রাহক সংখ্যা প্রায় সোয়া লাখ। উপজেলার গোসিংগা ও কালিশুরিতে রয়েছে দুটি সাব-স্টেশন। পল্লী বিদ্যুতের নীতিমালা অনুযায়ী, কোনো ট্রান্সফর্মার প্রথমবার চুরি হলে এর মূল্যের অর্ধেক অর্থ গ্রাহকদের বহন করতে হয়। এরপর একই স্থানে পুনরায় চুরি হলে প্রতিবারই নতুন ট্রান্সফর্মার কেনার সম্পূর্ণ অর্থ গ্রাহকদের দিতে হয়। অথচ নতুন ট্রান্সফর্মার পেতে অনেক সময় মাসের পর মাস অপেক্ষা করতে হয়, ফলে দীর্ঘ সময় বিদ্যুৎবিহীন অবস্থায় থাকতে হয় ভুক্তভোগীদের। স্থানীয়দের দাবি, একটি সংঘবদ্ধ চক্র ট্রান্সফর্মার চুরি করে এর ভেতরের মূল্যবান তামার তার খুলে নিয়ে যাচ্ছে। একেকটি ট্রান্সফর্মারের দাম প্রায় ৬০ হাজার টাকা থেকে দেড় লাখ টাকা পর্যন্ত হয়ে থাকে। কমলাপুর গ্রামের বাসিন্দা কাওসার আহম্মেদ বলেন, ট্রান্সফর্মার পাহারা দিয়ে রাখা কি সাধারণ মানুষের পক্ষে সম্ভব? এটা কি জনগণের দায়িত্ব? খুঁটিতে ট্রান্সফর্মার বসানোর সময় এমন ব্যবস্থা করা উচিত, যাতে সহজে চুরি করা না যায়। এ বিষয়ে কর্তৃপক্ষের কার্যকর উদ্যোগ নেওয়া প্রয়োজন। নাজিরপুর ইউনিয়নের বড় ডালিমা গ্রামের বাসিন্দা মুজাহিদুল ইসলাম বলেন, একটি ট্রান্সফর্মারের আওতায় ২৫ থেকে ৩০টি সংযোগ থাকে। ট্রান্সফর্মার চুরি হয়ে গেলে ওই এলাকার মানুষের দুর্ভোগের শেষ থাকে না। নতুন ট্রান্সফর্মার কিনতেও গ্রাহকদের টাকা দিতে হয়। পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির বাউফল জোনাল অফিসের ডিজিএম মো. মজিবুর রহমান বলেন, মহল্লাভিত্তিক বিশেষ টহল টিম গঠন করে পাহারার ব্যবস্থা করলে ট্রান্সফর্মার চুরি অনেকাংশে প্রতিরোধ করা সম্ভব। আমাদের সীমিত জনবল দিয়ে হাজার হাজার খুঁটির ট্রান্সফর্মার পাহারা দেওয়া সম্ভব নয়। যেহেতু জনগণই এ সেবা ভোগ করেন, তাই ট্রান্সফর্মার রক্ষায় তাদেরও দায়িত্ব রয়েছে। তিনি আরও বলেন, ভিন্ন কোনো প্রযুক্তিগত পদ্ধতিতে ট্রান্সফর্মার চুরি প্রতিরোধ করা যায় কি না, সে বিষয়টি কর্তৃপক্ষ ভেবে দেখবে। জেলা পর্যায়ের সভায় আমি বিষয়টি উপস্থাপন করব।

অলিম্পিক সিমেন্টের ছাঁটাইকৃত

তোলেন। শ্রমিক নেতা পাভেল বলেন, শ্রমিক কর্মচারীদের সঙ্গে কোন আলাপ আলোচনা না করেই অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার কারখানা বন্ধ ঘোষণা করেছে। কিন্তু আমাদের দুই মাসের বকেয়া বেতন, ওভারটাইমের টাকাসহ ক্ষতিপূরণের দাবি পূরণ করা হয়নি। তাই দ্রুত সময়ের মধ্যে আমাদের সকল পাওনা পরিশোধের দাবি জানাচ্ছি। গত ৯ দিন ধরে টাকা আন্দোলন করলেও কোন ফল মেলেনি। তাই চরম অনিশ্চয়তার মধ্যে মানবেতর জীবনযাপন করছেন বলে দাবি তাদের। ?সমাবেশে বক্তারা বলেন, শ্রমিকদের ন্যায্য পাওনা দ্রুত পরিশোধ করতে হবে। পাশাপাশি কারখানা বিক্রির ক্ষেত্রে শ্রমিকদের স্বার্থ রক্ষা নিশ্চিত করতে হবে। অন্যথায় তারা আরও কঠোর আন্দোলন কর্মসূচি দিতে বাধ্য হবেন বলে হুঁশিয়ারি দেন। ক্রমাগত ব্যবসায়িক লোকসান, কাঁচামাল ও এলসি সংকটের কারণ দেখিয়ে বরিশালের অলিম্পিক সিমেন্ট কারখানার উৎপাদন স্থায়ীভাবে বন্ধ ঘোষণা করা হয়। গত ১০ জুন কারখানার ব্যবস্থাপনা পরিচালক অনিকা রহমান স্বাক্ষরিত এক নোটিশে এ সিদ্ধান্ত জানানো হয়। একইসঙ্গে বকেয়া পরিশোধ ছাড়াই প্রায় ৩০০ শ্রমিককে ছাঁটাই করা হয়। এরপর থেকে শ্রমিকরা তাদের বকেয়া পাওনা ও চাকরির নিরাপত্তার দাবিতে ধারাবাহিক আন্দোলন চালিয়ে আসছেন।

পাতারহাট বন্দরের খাল পরিদর্শনে

উর্দ্ধতন প্রকৌশলী সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিদর্শন কালে প্রতিমন্ত্রী খালটির বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করেন এবং নৌ যোগাযোগ ও পণ্য পরিবহন সচল রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন। এসময় উপজেলা নির্বাহী অফিসার মো: রিয়াজুর রহমান, থানা অফিসার ইনচার্জ মো: মমিন উদ্দিন,উপজেলা বিএনপির আহবায়ক গিয়াস উদ্দিন দিপেন, সদস্য সচিব শিহাব আহমেদ সেলিম, সিনিয়র যুগ্ম আহবায়ক আসাদুজ্জামান মুক্তা পৌর বিএনপির আহবায়ক সৈয়দ রিয়াজ শাহীন লিটন, সদস্য সচিব রিয়াজ উদ্দিন চৌধুরী দিনু মিয়া,বরিশাল উত্তর জেলা যুবদলের আহবায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহবায়ক সৈয়দ নাঈম ইসলাম তুহিন, সদস্য সচিব মাজহারুল ইসলাম পারভেজ, পৌর যুবদলের আহবায়ক মামুন মিয়াজি, সদস্য সচিব আমজাদ পোদ্দার,বরিশাল উত্তর জেলা কৃষক দলের আহবায়ক নলী মোহাম্মদ জামাল হোসেন, বরিশাল উত্তর জেলা তাতী দলের আহবায়ক ইউনুসুর রহমান জুবায়ের, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ফখরুল ইসলাম সোহেল, সদস্য সচিব মাসুদ রানা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সিপন মিয়া সহ বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। বানিজ্যিক বন্দরের এই খালটি দ্রুত খননের জন্য পাতারহাট বন্দর ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ ও এলাকাবাসী নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজিব আহসানের কাছে জোর দাবি জানিয়েছেন।

মনপুরায় নিখোঁজের ২৭ ঘণ্টা

যায় মাহিন (১০) নামে ওই শিক্ষার্থী। তিনি মাঝেরঘাট নুরানী মাদ্রাসার তৃতীয় জামাতের ছাত্র এবং উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের রহমানপুর গ্রামের মো. মামুনের ছেলে। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজহারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, বৃহস্পতিবার রাতে নিখোঁজ মাদ্রাসাছাত্রের মরদেহ উদ্ধার করা হয়েছে এবং প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

ঝালকাঠি জেলা যুবলীগের

সোপর্দ করলে আদালত তাদের কারাগারে প্রেরণের নির্দেশ দেন। আটককৃতরা হলো- ঝালকাঠি জেলা যুবলীগের আহ্বায়ক, সাবেক পৌর কাউন্সিলর ও জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক রেজাউল করিম জাকির, ঝালকাঠি জেলা যুবলীগ সদস্য ও সাবেক ছাত্রলীগ নেতা শাহজাদা মহসিন পরাগ, ঝালকাঠি জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি মেহেদী হাসান মুন্না এবং রাজাপুর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আহসান হাবীব রুবেল। মামলার তদন্ত কর্মকর্তা রমনা জোনাল টিম গোয়েন্দা বিভাগ (ডিবি) ইন্সপেক্টর মো. সুজন হক জানান, ঢাকা কামরাঙ্গীর চর এলাকার আয়শা বেগমের পুত্র শাহজাহান আলী (২৪) হত্যা ঘটনায় দায়েরকৃত মামলায় এজাহারনামীয় আসামি চারজনকে শাহবাগ থানার পিজি হাসপাতালের সামনে থেকে গ্রেপ্তার করা হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সকালে তাদের গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করা হয়। ঝালকাঠি সদর থানার ওসি মাহমুদ হাসান জানান, ঝালকাঠি যুবলীগের চার নেতাকে ঢাকায় পুলিশ গ্রেপ্তার করেছে। তাদের বিরুদ্ধে ঝালকাঠি থানায় দায়েরকৃত মামলার তথ্যও সেখানে প্রেরণ করা হয়েছে এবং দৃশ্যমান গ্রেপ্তার দেখানো হয়েছে। প্রক্রিয়া সম্পন্ন করে তাদের ঝালকাঠিতে আনা হবে।

খুঁটি নির্মাণ করেই বন্ধ স্কুল

শিক্ষক মো. জয়নাল আবেদীন জানান, ২০১৯-২০ অর্থবছরে বিদ্যালয়টির জন্য চারতলা ভিতের একটি একতলা একাডেমিক ভবন নির্মাণে প্রায় ৮৭ লাখ টাকা বরাদ্দ হয়। ঠিকাদার ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে কাজ শুরু করেন। ওই বছরের ৩০ জুনের মধ্যে নির্মাণকাজ শেষ হওয়ার কথা ছিল। প্রধান শিক্ষক বলেন, প্রায় ছয় মাস কাজ করে ঠিকাদার পাইলিং ও পিলার নির্মাণের পর কাজ বন্ধ করে চলে যান। এরপর তিন বছর পার হলেও ঠিকাদারি প্রতিষ্ঠান আর কাজ শুরু করেনি। ভবন নির্মাণের জন্য ঠিকাদারকে বারবার অনুরোধ করেও কোনো ফল হয়নি। ২০২৩ সালে শুরু হওয়া ভবনের কাজ শেষ না হওয়ায় নতুন কোনো বরাদ্দও পাওয়া যাচ্ছে না। বিদ্যালয়ের সহকারী শিক্ষক বিকাশ চন্দ্র ঢালী বলেন, বিদ্যালয়ে বর্তমানে চার শতাধিক শিক্ষার্থী রয়েছে। কিন্তু টিনশেড ভবনে মাত্র চারটি কক্ষ আছে। এসব কক্ষে কোনোমতে পাঠদান চলছে। নবম ও দশম শ্রেণির বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের পাঠদানের সময় এক কক্ষে একাধিক বিষয়ের ক্লাস নিতে হচ্ছে। দশম শ্রেণির ছাত্রী সাবিকুন্নাহার হিয়া জানায়, ছাত্র-ছাত্রীর তুলনায় পর্যাপ্ত শ্রেণিকক্ষ না থাকায় অনেক সমস্যা হচ্ছে। প্রচণ্ড গরমে অনেক শিক্ষার্থী বিদ্যালয়ে আসতে চায় না। এ প্রসঙ্গে ঠিকাদার আব্দুল মান্নান মনু বলেন, ভবনের নকশায় কিছুটা পরিবর্তন হওয়ায় নির্ধারিত সময়ে কাজ শুরু করা সম্ভব হয়নি। শ্রমিকসংকটের কারণেও নির্মাণকাজ ব্যাহত হয়েছে। কয়েক দিনের মধ্যে ভবনটির কাজ পুনরায় শুরু হবে এবং দ্রুততম সময়ের মধ্যে শেষ করা হবে। মুলাদী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নাসরিন জোবাইদা আকতার বলেন, বোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মাণকাজ শেষ না হওয়ায় শিক্ষার্থীদের দুর্ভোগের বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। শিগগির ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরে সুপারিশ করা হবে।

৫ শিক্ষার্থীর জন্য

আবার কয়েকজন শিক্ষককে একটি কক্ষে বসে গল্প করতেও দেখা গেছে। এ সময় শিক্ষার্থীদের উপস্থিতির কোনো হাজিরা খাতাও পাওয়া যায়নি। স্থানীয় সূত্র জানায়, ১৯৯৪ সালে স্থানীয় বাসিন্দা আব্দুল মোতালেব মিয়া মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেন। পরে ২০০৪ সালে এটি এমপিওভুক্ত হয়। প্রতিষ্ঠার পর থেকেই তিনি মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। বর্তমানে তার পুত্রবধূ মাহফুজা আক্তার মাদ্রাসার সুপার, মেয়ে নুরজাহার রাঢ়ি ইবতেদায়ি শিক্ষক এবং দুই ছেলে খাইরুল ইসলাম অফিস সহকারী ও সিদ্দিকুর রহমান নৈশপ্রহরী হিসেবে কর্মরত রয়েছেন। মাদ্রাসার কয়েকজন শিক্ষক জানিয়েছেন, পর্যাপ্ত শিক্ষার্থী না থাকায় স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনা কঠিন হয়ে পড়েছে। তারা বলছেন, অন্য একটি এমপিওবিহীন প্রতিষ্ঠানের কিছু শিক্ষার্থী এই মাদ্রাসার মাধ্যমে দাখিল পরীক্ষায় অংশ নেয়। এ ছাড়া শাপলাখালী এলাকার একটি প্রতিষ্ঠানে সম্মানীর ভিত্তিতে শিক্ষক পাঠানো হয় এবং সেখানকার কিছু শিক্ষার্থীও এ মাদ্রাসার অধীনে পরীক্ষায় অংশগ্রহণ করে। মাদ্রাসার সুপার মাহফুজা আক্তার বলেছেন, যোগাযোগ ব্যবস্থার দুর্বলতা ও বর্ষাকালে রাস্তাঘাট পানিতে তলিয়ে যাওয়ায় শিক্ষার্থীরা এ মাদ্রাসায় ভর্তি হতে আগ্রহ দেখায় না। ফলে পর্যাপ্ত শিক্ষার্থী পাওয়া যাচ্ছে না। তিনি আরও জানান, এমপিওভুক্ত নয় এমন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তাদের মাদ্রাসার অধীনে নিবন্ধন করিয়ে দাখিল পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়।

রাজাপুরে স্কুলের নতুন ভবন নির্মাণের

একটি অফিস হিসেবে ব্যবহৃত হলেও কক্ষ সংকটের কারণে সেখানে ক্লাস নিতে হচ্ছে। বাকি দুই কক্ষে একসঙ্গে দুটি করে শ্রেণির পাঠদান চলছে। শিক্ষকরা জানান, একই কক্ষে দুটি শ্রেণির ক্লাস নেওয়ায় পাঠদানে জটিলতা তৈরি হচ্ছে। একজন শিক্ষক ক্লাস নিলে অন্য শিক্ষককে অপেক্ষা করতে হয়। এতে সময় নষ্টের পাশাপাশি শিক্ষার্থীদের মনোযোগও ব্যাহত হচ্ছে। উপজেলা প্রকৌশল কার্যালয় সূত্রে জানা যায়, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) প্রকল্পের আওতায় ৭১ লাখ ৬৫ হাজার ৮০ টাকা ব্যয়ে তিন কক্ষবিশিষ্ট একতলা ভবন নির্মাণের কাজ পায় মেসার্স টোয়াইস কনস্ট্রাকশন। পরে কাজটি হাতবদল হয়ে মেসার্স নির্ণয় এন্টারপ্রাইজের মাধ্যমে সম্পন্ন হয়। চুক্তি অনুযায়ী ২০২৪ সালের ২৪ মার্চ কাজ শুরু হয়ে ২০২৫ সালের ৯ ডিসেম্বর শেষ হওয়ার কথা ছিল। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিলরুবা আক্তারী বলেন, নতুন ভবনের বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে। নিম্নমানের কাঠ ব্যবহারের কারণে কয়েকটি দরজা বেঁকে গেছে। দরজা খোলা-বন্ধেও সমস্যা হচ্ছে। এসব ত্রুটি সংশোধন না হওয়ায় ভবনটি বুঝে নেওয়া সম্ভব হয়নি। স্থানীয়দের অভিযোগ, নির্মাণকাজের শুরু থেকেই অনিয়ম ছিল। যার ফলে ভবনে নানা ত্রুটি দেখা দিয়েছে। নতুন ভবন তৈরি হলেও শিক্ষার্থীরা এখনো জরাজীর্ণ কক্ষে গাদাগাদি করে পাঠ নিচ্ছে। দ্রুত ত্রুটি সংস্কার করে ভবনটি চালুর দাবি জানিয়েছেন তারা। তবে ঠিকাদার বাপ্পি কুণ্ডু অভিযোগ অস্বীকার করে বলেন, চুক্তি অনুযায়ী কাজ সম্পন্ন করা হয়েছে। বিদ্যালয় কর্তৃপক্ষ ভবন বুঝে না নেওয়ায় হস্তান্তর প্রক্রিয়া আটকে আছে। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আক্তার হোসেন বলেন, নির্মাণকাজে ত্রুটি থাকায় প্রধান শিক্ষক ভবন গ্রহণ করছেন না বলে জেনেছি। রাজাপুর উপজেলা প্রকৌশলী অভিজিৎ মজুমদার বলেন, ভবন হস্তান্তরের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানকে আগেও চিঠি দেওয়া হয়েছে। দ্রুত বিষয়টি নিষ্পত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

স্ত্রী না ফেরায় শ্বশুরবাড়িতে

আনতে শ্বশুরবাড়িতে যান এবং সেখানেই দুই দিন ধরে ছিলেন। শুক্রবার সকালে বাদল সিকদার তার স্ত্রীকে নিয়ে নিজ বাড়িতে ফেরার চেষ্টা করেন। তবে স্ত্রী যেতে রাজি না হওয়ায় বাদল সিকদার তার শ্বশুরবাড়ির এলাকার একটি স্থানীয় বাজার থেকে কীটনাশক কিনে এনে শ্বশুরবাড়িতে বসে পান করেন। শ্বশুরবাড়ির লোকজন বিষপানের বিষয়টি টের পেয়ে তাকে উদ্ধার করে বাকেরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তৃপক্ষ বিষয়টি পুলিশকে জানালে বাকেরগঞ্জ থানা পুলিশ হাসপাতাল থেকে লাশটি উদ্ধার করে। ময়নাতদন্তের জন্য মরদেহ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠায়। বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) আদিল হোসেন বলেন, প্রাথমিকভাবে আত্মহত্যার ঘটনা বলে ধারণা করা হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

একবার সুযোগ চান মুলাদী

যুবদল, ছাত্রদল অঙ্গ গঠনের নেতৃবৃন্দ। এ সময় জুলফিকার আহমেদ বেল্লাল তার বক্তব্য বলেন, আমাকে একটিবার সুযোগ দিলে আমি মুলাদী সদর ইউনিয়নকে মডেল ইউনিয়নে রূপান্তরিত করব এবং এ ইউনিয়ন থেকে মাদক,জুয়া, ইভটিজিং চিরতরে নির্মূল করব, তিনি আরো বলেন আমি আপনাদেরই সন্তান আপনাদেরকে ছেড়ে আমি মৃত্যুর আগ পর্যন্ত কোথাও যাবো না। আলোচনা সভার শেষে বিএনপি'র প্রতিষ্ঠাতা, সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক সফল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনায় দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

বেড়েছে চালের দাম, কমেছে

ব্যবধানে বাজারে চিকন চালের দাম ১ দশমিক ২৯ শতাংশ বেড়েছে। মাসখানেক আগে যে চিকন চালের দাম সর্বনিম্ন ৭০ টাকায় নেমেছিল, তা এখন আবার বেড়ে ৭২ টাকায় উঠেছে। অর্থাৎ কেজিতে বেড়েছে ২ টাকা। খুচরা বিক্রেতারা জানিয়েছেন, ভালো মানের যে চিকন চালের দাম কিছুদিন আগে ৩ থেকে ৫ টাকা কমে ৮০ থেকে ৮২ টাকায় নেমেছিল, তা এখন আবার বাজারে ৮৫ টাকায় বিক্রি হচ্ছে। ?চালের বাজারে সবচেয়ে বেশি প্রভাব পড়েছে মাঝারি ও মোটা চালের ওপর। টিসিবির হিসাবে, মাঝারি মানের চালের দাম ২ দশমিক ৫০ শতাংশ এবং মোটা চালের দাম ৩ দশমিক ৭০ শতাংশ পর্যন্ত বেড়েছে। বাজারে যে মাঝারি মানের চাল ৫২ টাকায় নেমেছিল, তা এখন ৫৫ টাকায় বিক্রি হচ্ছে। আর এক মাস আগে ৪৮ টাকায় নেমে যাওয়া মোটা চালের দাম কেজিতে ৪ টাকা বেড়ে এখন বিক্রি হচ্ছে ৫২ টাকায়। মুদি দোকানি মিজান বলেন, পাইকারি বাজারে কিছুদিন ধরেই চালের দাম বাড়তি। বেশি দামে কেনার কারণে আমাদেরও খুচরা বাজারে দাম বাড়িয়ে বিক্রি করতে হচ্ছে। তবে যেসব ব্যবসায়ী সম্প্রতি পাইকারি বাজার থেকে নতুন করে চাল কেনেননি, তাদের কেউ কেউ এখনো আগের দামেই চাল বিক্রি করছেন। ব্যবসায়ীরা জানান, গত কোরবানির ঈদের সময় পরিবহন সংকটের কারণে চালের সরবরাহ কিছুটা বাধাগ্রস্ত হয়েছিল, যা এখন স্বাভাবিক হয়েছে। তবে জ্বালানি তেলের দাম বৃদ্ধির কারণে পরিবহন ভাড়া বেড়ে যাওয়াও চালের দাম বাড়ার অন্যতম কারণ। সাধারণত বছরের এই সময়ে সবজির দাম কিছুটা চড়া থাকলেও এখন বাজার মোটামুটি স্থিতিশীল। বাজারে লম্বা বেগুন ও করলা প্রতি কেজি ৭৫ থেকে ৮০ টাকা এবং ঢ্যাঁড়শ ৫৫ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া কচুরমুখী, গোল বেগুন, বরবটি, ধুন্দল ও ঝিঙে ৭০ থেকে ৮০ টাকা এবং চিচিঙা ৬০ থেকে ৭০ টাকায় বিক্রি হতে দেখা গেছে। ছোট পটোল মিলছে ৪০ থেকে ৫০ টাকায় আর শসা বিক্রি হচ্ছে ৫০ থেকে ৬০ টাকা কেজি দরে। এদিকে, বাজারে আলু ও পেঁয়াজের দামও অপরিবর্তিত রয়েছে। প্রতি কেজি পেঁয়াজ ৪০ টাকা এবং আলু ৩০ টাকায় বিক্রি হচ্ছে। চালের বাজারে বাড়তি খরচের বিপরীতে স্বস্তি দিচ্ছে ডিম ও মুরগির বাজার। বাজারে ব্রয়লার মুরগির দাম আরও কমে প্রতি কেজি ১৫৫ থেকে ১৬০ টাকায় বিক্রি হচ্ছে। কমেছে ফার্মের ডিমের দামও। মাসখানেক আগেও যে ডিমের ডজন ১৫০ টাকায় ঠেকেছিল, তা এখন বাজারে ২৫ টাকা পর্যন্ত কমে ১২৫ থেকে ১৩০ টাকায় বিক্রি হচ্ছে।

রাজাপুরে ৩টি প্রাথমিক বিদ্যালয় ভবন পরিত্যক্ত ঘোষণা

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুর উপজেলায় ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় তিনটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে। তবে বিকল্প কোনো ব্যবস্থা না থাকায় দুটি বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনেই এখনো জীবনের ঝুঁকি নিয়ে চলছে কোমলমতি শিশুদের পাঠদান। যেকোনো মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কায় শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। সোমবার (১৫ জুন) উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি বিদ্যালয় তিনটি পরিদর্শন শেষে ভবনগুলো পরিত্যক্ত ঘোষণা করেন। পরিত্যক্ত ঘোষিত বিদ্যালয়গুলো হলো ৯৭ নম্বর দক্ষিণ-পূর্ব রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩ নম্বর পূর্ব সাতুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৮৫ নম্বর উত্তর কাঠিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। সরেজমিনে ও স্থানীয় সূত্রে জানা গেছে, ৯৭ নম্বর দক্ষিণ-পূর্ব রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশেই 'ইউসুফ আলী মাধ্যমিক বিদ্যালয়' এর একটি নতুন বহুতল ভবন থাকায়, ইউএনওর নির্দেশে প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান সাময়িকভাবে সেখানে সরিয়ে নেওয়া হয়েছে। তবে অন্য দু'টি বিদ্যালয়ের ক্ষেত্রে বিকল্প কোনো ব্যবস্থা না থাকায় বাধ্য হয়েই পরিত্যক্ত ভবনে ক্লাস নিতে হচ্ছে শিক্ষকদের। ৮৫ নম্বর উত্তর কাঠিপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সমীর কুমার দাস জানান, ১৯৭২ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ে ১৯৯৩ সালে চার কক্ষবিশিষ্ট একটি পাকা ভবন নির্মাণ করা হয়েছিল। প্রায় ১০ বছর আগেই ভবনটির বিভিন্ন স্থানের পলেস্তরা খসে রড বেরিয়ে গেছে এবং দেয়ালে ফাটল ধরেছে। কক্ষ সংকটের কারণে ২০২৪ সালে এলজিইডির অর্থায়নে সোয়া দুই লাখ টাকা ব্যয়ে তিন কক্ষের একটি কাঠ-টিনের ঘর করে দেওয়া হলেও সেটির মেঝে কাঁচা। সেখানে পাঠদান অত্যন্ত কষ্টকর। উর্ধ্বতন কর্মকর্তারা একাধিকবার পরিদর্শন করে নতুন ভবনের আশ্বাস দিলেও তা বাস্তবায়ন হয়নি। এখন ভবন পরিত্যক্ত ঘোষণা করা হলেও বিকল্প ব্যবস্থা না থাকায় বাধ্য হয়েই ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস নিতে হচ্ছে। ৩ নম্বর পূর্ব সাতুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সিদ্দিকুর রহমান বলেন, ১৯৪৩ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ে ২০০১ এবং ২০০৬ সালে পৃথক দুটি ভবন নির্মিত হয়। ইউএনও পরিদর্শনের পর ২০০৬ সালের ভবনটি বাদে বাকি পুরোনো কক্ষগুলো পরিত্যক্ত ঘোষণা করেন। বর্তমানে বিদ্যালয়টিতে শিক্ষক মিলনায়তনসহ ৮টি কক্ষের প্রয়োজন থাকলেও ব্যবহারোপযোগী আছে মাত্র দু'টি কক্ষ। প্রয়োজনের তুলনায় কক্ষ অনেক কম। বিকল্প কোনো উপায় না থাকায় নিরুপায় হয়ে আমরা পরিত্যক্ত ও ঝুঁকিপূর্ণ ভবনেই শিক্ষা কার্যক্রম চালু রাখতে বাধ্য হচ্ছি। ৯৭ নম্বর দক্ষিণ-পূর্ব রাজাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১৯৮৫ সালে প্রতিষ্ঠিত এই বিদ্যালয়ের চারটি কক্ষই সম্পূর্ণ ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। প্রধান শিক্ষিকা ইরানী অক্তার জানান, বর্ষার দিনে ছাদ চুইয়ে ভেতরে পানি পড়ে। নতুন ভবন না পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের সুরক্ষায় পাশের মাধ্যমিক বিদ্যালয়ে ক্লাস নেওয়া হচ্ছে। দফায় দফায় চিঠি য়েও মিলছে না সমাধান। বিদ্যালয় কর্তৃপক্ষ ও স্থানীয় শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে এই ভবনগুলোর জরাজীর্ণ অবস্থার কথা জানিয়ে নতুন ভবন নির্মাণের জন্য একাধিকবার লিখিত আবেদন করা হয়েছে। কিন্তু আমলাতান্ত্রিক জটিলতায় বছরের পর বছর পার হলেও কাজের কাজ কিছুই হয়নি।" এ বিষয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আকতার হোসেন বলেন, আমরা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে এর আগেও একাধিকবার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে নতুন ভবন নির্মাণের জন্য লিখিতভাবে জানিয়েছি, কিন্তু কোনো ফল আসেনি। ইউএনও মহোদয় ভবনগুলো পরিত্যক্ত ঘোষণার পর আমরা আবারও নতুন করে আবেদনের প্রস্তুতি নিচ্ছি। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি ভবন পরিত্যক্ত ঘোষণার বিষয়টি নিশ্চিত করে বলেন, "সরেজমিনে পরিদর্শনে গিয়ে ভবনগুলোর অতি ঝুঁকিপূর্ণ অবস্থা দেখে আমি সেগুলো পরিত্যক্ত ঘোষণা করেছি। কোমলমতি শিক্ষার্থীদের নিরাপত্তা আমাদের অগ্রাধিকার। নতুন দ্রুত ভবন পাওয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে আবেদন পাঠানোর প্রক্রিয়া চলছে। এদিকে যেকোনো মুহূর্তে ছাদ ধসে বা দেয়াল ভেঙে বড় ধরনের প্রাণহানির আশঙ্কায় দিন কাটাচ্ছেন অভিভাবকরা। তাদের কোমলমতি সন্তানদের নিরাপদে পড়াশোনার পরিবেশ নিশ্চিত করতে এবং অতিদ্রুত নতুন বিদ্যালয় ভবন নির্মাণে সরকারের উর্ধ্বতন মহলের জরুরি ও সরাসরি হস্তক্ষেপ কামনা করেছেন ক্ষুব্দ ও আতঙ্কিত অভিভাবক মহল।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ২০ জুন ২০২৬ ॥ ০৬ আষাঢ় ১৪৩৩

লেবাননে যুদ্ধ থামাতে রাজি ইসরায়েল-হিজবুল্লাহ

কীর্তনখোলা ডেস্ক
লেবাননে যুদ্ধ থামাতে রাজি হয়েছে ইসরায়েল ও ইরান-সমর্থিত হিজবুল্লাহ। শুক্রবার স্থানীয় সময় বিকেল ৪টা থেকে তাদের মধ্যে একটি যুদ্ধবিরতি কার্যকর হয়েছে। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সকে এসব তথ্য জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ৩ এর পাতায় দেখুন

পারমাণবিক ইস্যুতে মার্কিন সব শর্ত মানবে না ইরান

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতা স্মারক পরবর্তী আলোচনায় ওয়াশিংটনের অতিরিক্ত দাবি মেনে নেবে না তেহরান। আগামী ৬০ দিনে পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা করতে রাজি হওয়ার অর্থ এই নয় যে, ভবিষ্যৎ সংলাপে ওয়াশিংটনের ৩ এর পাতায় দেখুন

হোমিওপ্যাথির জনক ডাঃ স্যামুয়েল হ্যানিম্যানের ২৭১ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে হোমিওপ্যাথিক বিজ্ঞান সেমিনার ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ -কীর্তনখোলা

রাস্তায় পড়েছিল গৃহবধূ ॥ হাসপাতালে মৃত্যু, ফেসবুকে মিললো পরিচয়

ভোলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলার ওয়েস্টার্নপাড়া আদর্শ একাডেমি সংলগ্ন এলাকার বাসিন্দা কারিমা আক্তার (২৬) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যুকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্ত ও প্রকৃত রহস্য উদঘাটনের দাবি জানিয়েছেন স্বজনরা। জানা যায়, গত বৃহস্পতিবার (১৮ জুন) সন্ধ্যা ৭টার দিকে ভোলা শহরের মুসলিমপাড়া এলাকার একটি স্থান থেকে কারিমা আক্তারকে অচেতন অবস্থায় উদ্ধার করেন স্থানীয়রা। তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উদ্ধারকারীরা দ্রুত তাকে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সেখানে প্রায় ১২ ঘণ্টা চিকিৎসাধীন থাকার পর শুক্রবার (১৯ জুন) সকাল ৭টার দিকে তিনি ৩ এর পাতায় দেখুন

মাকে দেখতে এসে নিষিদ্ধ ছাত্রলীগ নেতা গ্রেফতার

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক কমিটির সদস্য মো. রাফিন তালুকদারকে গ্রেফতার করেছে পুলিশ। পরে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে উপজেলার মাধবপাশা ইউনিয়নের ছাতিয়া গ্রামে নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে এয়ারপোর্ট থানা পুলিশ। পারিবারিক সূত্রে জানা যায়, রাফিন তালুকদার মাধবপাশা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ছাতিয়া গ্রামের বাসিন্দা এবং সরকারি বরিশাল কলেজের ডিগ্রি শেষ বর্ষের শিক্ষার্থী। তার বাবা মো. সিরাজুল ইসলাম তালুকদার। পরিবারের দাবি, অসুস্থ মায়ের খোঁজখবর নিতে বাড়িতে এসেছিলেন রাফিন। এ সময় রাতে পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে।

বেড়েছে চালের দাম, কমেছে ডিম ও মুরগির

কীর্তনখোলা ডেস্ক
সদ্যই ঘরে উঠেছে বোরো মৌসুমের নতুন ধান। গত এপ্রিলের মাঝামাঝিতে ধান কাটা শুরু হওয়ার পর বাজারগুলোতে চালের দাম কিছুটা কমতে শুরু করেছিল। তবে মাসখানেক না যেতেই সেই স্বস্তি উধাও। গত এক সপ্তাহের ব্যবধানে ঢাকার খুচরা বাজারে সব ধরনের চালের দামই আবার বেড়েছে। তবে চালের বাজারে অস্থিরতা বাড়লেও ক্রেতাদের জন্য কিছুটা স্বস্তি এনেছে ডিম ও মুরগির বাজার। বাজারে ব্রয়লার মুরগি ও ডিমের দাম বেশ কমেছে। অন্যদিকে, অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের মধ্যে সবজি, পেঁয়াজ ও আলুর দাম আপাতত স্থিতিশীল রয়েছে। সরকারি প্রতিষ্ঠান ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) বাজার বিশ্লেষণের তথ্যও চালের দাম বৃদ্ধির এই চিত্রের সত্যতা নিশ্চিত করেছে। টিসিবির তথ্য অনুযায়ী, এক মাসের ৩ এর পাতায় দেখুন

খুঁটি নির্মাণ করেই বন্ধ স্কুল ভবন তৈরির কাজ

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলায় বোয়ালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মাণকাজ তিন বছর ধরে বন্ধ রয়েছে। ২০২৩ সালের জুনের মধ্যে চারতলা ভিতের ভবনটির একতলা নির্মাণ শেষ হওয়ার কথা ছিল। অথচ পাইলিং ও খুঁটি নির্মাণের পর আর কোনো কাজ হয়নি। এই অবস্থায় একটি টিনশেড ভবনের চারটি কক্ষে গাদাগাদি করে পাঠদান কার্যক্রম চালাচ্ছেন শিক্ষকেরা। উপজেলার সফিপুর ইউনিয়নের বোয়ালিয়া গ্রামে ১৯৭৩ সালে স্থাপিত বিদ্যালয়টি অর্ধশতকের বেশি সময় পার করলেও সেখানে কোনো সরকারি ভবন নির্মিত হয়নি। পর্যাপ্ত শ্রেণিকক্ষ ও নিরাপদ পাঠদানের পরিবেশ না থাকায় শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে ভোগান্তিতে রয়েছে। বিদ্যালয়ের প্রধান ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ২

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলায় হানিফ পরিবহনের একটি বাস ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে অটোরিকশা চালক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুই যাত্রী। বুধবার রাত আনুমানিক সারে ৭টার দিকে ভাণ্ডারিয়া-চরখালী সড়কের স্থানীয় চায়না প্রজেক্ট এলাকার সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত অটোরিকশা চালক মো. হারুন বয়াতি (৬৫) উপজেলার ২ নম্বর নদমূলা-শিয়ালকাঠী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের হেতালিয়া গ্রামের বাসিন্দা জিন্নাত আলীর পুত্র। আহতরা হলেন স্বামী-স্ত্রী বিজয় শিকদার (২৫) ও রূপা শিকদার (২০)। স্থানীয় সূত্রে জানা যায়, মঠবাড়িয়া থেকে ছেড়ে আসা ঢাকাগামী হানিফ পরিবহনের একটি ৩ এর পাতায় দেখুন

একবার সুযোগ চান মুলাদী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব বেলাল

মুলাদী প্রতিনিধি
আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে মুলাদী সদর ইউনিয়নে একটি বারের জন্য সুযোগ চেয়ে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দিয়েছেন মুলাদী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব, ফ্যাসিস্ট সরকার দ্বারা বার বার কারা নির্যাতিত ছাত্রনেতা জুলফিকার আহমেদ বেল্লাল। গতকাল শুক্রবার বিকাল ৪ টায় মুলাদী সদর ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত প্রার্থিতা ঘোষণা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, আবুল বাসার সাধারন সম্পাদক জিয়া পরিষদ কেন্দ্রীয় কমিটি, টিপু সরদার মুলাদী ইউনিয়ন বিএনপি নেতা, জাকির সরদার, মিন্টু হাওলাদার, সোহেল হাওলাদার, ইবরাহীম খান, রাকিব সরদার ইউনিয়ন ছাত্রদল সভাপতি, যুবদল নেতা শাহাদত সহ ইউনিয়ন বিএনপি ৩ এর পাতায় দেখুন

পাতারহাট বন্দরের খাল পরিদর্শনে নৌ-প্রতিমন্ত্রী রাজিব আহসান

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ
বরিশাল অঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্র পাতারহাট বন্দরের পণ্য পরিবহনের একমাত্র নৌপথ খালটি দীর্ঘদিন যাবত নাব্যতা হারিয়ে সংকটাপন্ন অবস্থায় রয়েছেন। এতে বন্দরের ব্যবসা-বাণিজ্য ও পণ্য পরিবহন কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এই প্রেক্ষাপটে খালটির নাব্যতা পুনরুদ্ধার ও খনন কার্যক্রমের সম্ভাব্যতা যাচাই করতে শুক্রবার সকাল থেকে দুপুর পর্যন্ত নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান সরেজমিন পরিদর্শন করেন। এসময় তার সাথে পানি উন্নয়ন বোর্ডের ৩ এর পাতায় দেখুন

মনপুরায় নিখোঁজের ২৭ ঘণ্টা পর মাদ্রাসাছাত্রের মরদেহ উদ্ধার

ভোলা প্রতিনিধি
ভোলার মনপুরায় খালসংলগ্ন একটি স্লুইস গেটের পানিতে ডুবে নিখোঁজ হওয়ার প্রায় ২৭ ঘণ্টা পর মাদ্রাসাছাত্র মাহিনের মরদেহ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার রাত পৌনে ৮টার দিকে উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের মাঝেরঘাট (বেইজ্জার খাল) এলাকার স্লুইস গেট থেকে প্রায় ১০০ মিটার দূরে খালপাড়ের গাছের ঝোপে ভাসমান অবস্থায় মরদেহটি দেখতে পান স্থানীয়রা। পরে খবর দিলে পুলিশ মাদ্রাসাছাত্রের মরদেহ উদ্ধার করে। মনপুরায় স্লুইস গেটের পানিতে সাঁতার এর আগে বৃহস্পতিবার সকাল থেকে মনপুরা ফায়ার সার্ভিসের সদস্যরা নিখোঁজ শিক্ষার্থীকে উদ্ধারে অভিযান পরিচালনা করেন। বিকেল থেকে কোস্টগার্ড ভোলা দক্ষিণ জোনের সদস্যরাও উদ্ধার অভিযানে অংশ নেন। দীর্ঘ সময় তল্লাশি চালিয়েও তারা তাকে খুঁজে পাননি। জানা যায়, বুধবার বিকেল ৪টার দিকে বন্ধুদের সঙ্গে সাঁতার কাটতে গিয়ে মাঝেরঘাট খালসংলগ্ন স্লুইস গেটের পানিতে তলিয়ে ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠি জেলা যুবলীগের আহ্বায়কসহ ৪ নেতা গ্রেফতার

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি জেলা যুবলীগের আহ্বায়কসহ চার নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। ঢাকা রমনা জোনের পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) তাদের পিজি হাসপাতালের সামনে থেকে গ্রেপ্তার করে। নিউমার্কেট থানার জুলাই হত্যা মামলার (নং-০৮, তারিখ-১৭-০৬-২৪ইং) আসামি হিসেবে পুলিশ পরিদর্শক মো. সুজন হক ঢাকা চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে ৩ এর পাতায় দেখুন

স্ত্রী না ফেরায় শ্বশুরবাড়িতে গিয়ে স্বামীর আত্মহত্যা

বাকেরগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাকেরগঞ্জে স্ত্রীর সঙ্গে পারিবারিক মনোমালিন্যের জেরে অভিমান করে শ্বশুরবাড়িতে গিয়ে বিষপানে আত্মহত্যা করেছেন বাদল সিকদার (৪৫) নামে এক ব্যক্তি। শুক্রবার (১৯ জুন) সকালে উপজেলার রঙ্গশ্রী ইউনিয়নের বিরাঙ্গল গ্রামে এ ঘটনা ঘটে। মৃত বাদল সিকদার উপজেলার কলসকাঠি ইউনিয়নের ঢাপরকাঠি গ্রামের মৃত আতাহার সিকদারের ছেলে। তিনি রঙ্গশ্রী ইউনিয়নের বিরাঙ্গল গ্রামের মৃত সামার সিকদারের জামাতা ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, কয়েকদিন আগে বাদল সিকদারের সঙ্গে তার স্ত্রী মাহমুদা বেগমের (৩৬) পারিবারিক বিষয় নিয়ে ঝগড়া হয়। একপর্যায়ে মাহমুদা বেগম মেয়েকে নিয়ে বাবার বাড়ি চলে যান। গত বুধবার (১৭ জুন) বাদল সিকদার স্ত্রীকে ফিরিয়ে ৩ এর পাতায় দেখুন

অলিম্পিক সিমেন্টের ছাঁটাইকৃত শ্রমিকদের সড়ক অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে অলিম্পিক সিমেন্ট অ্যান্ড ফাইবার কারখানার ছাঁটাইকৃত শ্রমিক ও কর্মচারীরা বকেয়া বেতন-ভাতা পরিশোধসহ চাকরির নিরাপত্তা নিশ্চিতের দাবিতে সড়ক অবরোধ ও বিক্ষোভ করেছেন। শুক্রবার (১৯ জুন) দুপুরে সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট, বরিশালের ব্যানারে শ্রমিকরা নগরীর অশ্বিনী কুমার হল চত্বরে জড়ো হয়ে সমাবেশ করেন। এরপর তারা সামনের সদর রোড অবরোধ করে বিক্ষোভ করে। এর আগে নগরীতে একটি বিক্ষোভ মিছিল করে নেতাকর্মীরা। এসময় তারা বকেয়া পরিশোধসহ কারখানা বিক্রি হলে পুরানো শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল রাখার দাবি ৩ এর পাতায় দেখুন

৫ শিক্ষার্থীর জন্য ১৭ শিক্ষক-কর্মচারী

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলের পূর্ব ইন্দ্রকুল ফিরোজা কামাল বালিকা দাখিল মাদ্রাসায় ৫ শিক্ষার্থীর জন্য মোট ১৭ শিক্ষক ও কর্মচারী রয়েছে। এ মাদ্রাসায় প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত পাঠদানের অনুমোদন রয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) বেলা ১১টায় সরেজমিনে মাদ্রাসায় দেখা যায়, পঞ্চম শ্রেণির ওপরে কোনো শিক্ষার্থী নেই। উপস্থিত পাঁচ শিক্ষার্থীর মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে একজন করে এবং চতুর্থ শ্রেণিতে দুজন রয়েছে। মাদ্রাসা সূত্রে জানা গেছে, প্রতিষ্ঠানে ১৩ শিক্ষক ও চারজন কর্মচারী কর্মরত আছেন। তবে পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন শিক্ষক ও কর্মচারী মিলিয়ে সাতজন। একই কক্ষে ভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের একসঙ্গে পাঠদান করতে দেখা যায়। ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে স্কুলের নতুন ভবন নির্মাণের ছয় মাস পরও হয়নি হস্তান্তর

সুদেব মালাকার, রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলার ৯১ নম্বর ইসলামিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ শেষ হয়েছে প্রায় ছয় মাস আগে। কিন্তু নানা ত্রুটির কারণে এখনো বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ভবনটি হস্তান্তর করা হয়নি। এতে পুরোনো জরাজীর্ণ ভবনের মাত্র তিনটি কক্ষে পাঁচটি শ্রেণির পাঠদান চালাতে গিয়ে চরম কক্ষ সংকটে পড়েছে বিদ্যালয়টি। ব্যাহত হচ্ছে স্বাভাবিক শিক্ষার পরিবেশ। সরেজমিনে দেখা গেছে, বিদ্যালয়টিতে মোট শিক্ষার্থী ৬০ জন এবং শিক্ষক রয়েছেন পাঁচজন। পুরোনো ভবনের তিনটি কক্ষের মধ্যে ৩ এর পাতায় দেখুন

বাউফলে বিদ্যুতের ট্রান্সফর্মার চুরির হিড়িক

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফল উপজেলায় পল্লী বিদ্যুতের ট্রান্সফর্মার চুরির হিড়িক পড়েছে। একের পর এক ট্রান্সফর্মার চুরির ঘটনায় আতঙ্ক ও অনিশ্চয়তায় দিন কাটাচ্ছেন বিদ্যুৎ গ্রাহকরা। সর্বশেষ বৃহস্পতিবার (১৯ জুন) রাতে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির বাউফল জোনাল অফিসের আওতাধীন কমলাপুর ইউনিয়নের কমলাপুর গ্রামে মুহাম্মদ অটো রাইস মিলের সামনের খুঁটি থেকে ১০ কেভির তিনটি ট্রান্সফর্মার চুরি হয়েছে। এর আগে সম্প্রতি উপজেলার বিভিন্ন এলাকা থেকে আরও ৩৫টি ট্রান্সফর্মার চুরির ঘটনা ঘটে। বাউফল জোনাল অফিস সূত্রে জানা গেছে, তাদের আওতায় প্রায় ২ হাজার ৩০০ কিলোমিটার বিদ্যুৎ লাইন রয়েছে। এসব লাইনে বিভিন্ন সাইজের প্রায় ৬ হাজার ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। ৩ এর পাতায় দেখুন

নগরীর ০২ নং ওয়ার্ড বিএনপি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদার -কীর্তনখোলা

কলাপাড়ায় ইয়াবাসহ চার যুবক গ্রেফতার

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় ইয়াবাসহ চার যুবককে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার(১৮ জুন) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার ধানখালী ইউনিয়নের পশ্চিম ধানখালী গ্রাম থেকে তাদেরকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন, মো. মুসফিকুর রহমান শান্ত (১৯), মো.শাকিল খান (৩৯), মো.বাইজিদ গাজী (২৮) এবং মো. জাকারিয়া (৩০)। এরা পার্শ্ববর্তী চম্পাপুর ও বালিয়াতলী ইউনিয়নের বাসিন্দা। কলাপাড়া থানার ওসি মো. নজরুল ইসলাম ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com